

রেলপথ মন্ত্রণালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন

প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃনং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ডুপ্ল প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	রেলপথ মন্ত্রণালয়	০৪ টি	০৪	-	০১	০৪	০৪	৮০.০০%- ১৪৬%	০৪	১৩.৮২%- ৪৫.৭৩%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০৪টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ ভূমি অধিগ্রহণে বিলম্ব, ডিজাইন পরিবর্তন, দরপত্র চূড়ান্তকরণে দীর্ঘ সময় ব্যয়, রোট সিডিউল পরিবর্তন, ঠিকাদারের উচ্চ রেট প্রভৃতি।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ ভূমি অধিগ্রহণে বিলম্ব।	৩.১ মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ভূমি অধিগ্রহণের লক্ষ্যে এককালীন সমুদয় অর্থ বরাদ্দ প্রদান এবং ভূমি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭ অনুযায়ী ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা।
৩.২ যথাযথ সমীক্ষা ব্যতিত প্রকল্প গ্রহণ।	৩.২ ২৫ কোটি টাকার উর্ধ্বের সকল বিনিয়োগ প্রকল্পে সমীক্ষা বাধ্যতামূলক করার বিষয়টি যথাযথ প্রতিপালন করা।
৩.৩ ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন ও পূর্ণকালীন প্রকল্প পরিচালক না থাকা।	৩.৩ প্রতিটি প্রকল্পের বিপরীতে একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে এবং প্রকল্প সমাপ্ত না হওয়া পর্যন্ত যথাসম্ভব প্রকল্প পরিচালককে বদলী করা যাবেনা।
৩.৪ দরপত্র চূড়ান্তকরণে দীর্ঘ সময় ব্যয়।	৩.৪ দরপত্র সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া দ্রুততম সময়ে সম্পাদনের উদ্যোগ গ্রহণ করতে হবে।
৩.৫ ইন্টারনাল ও এক্সটারনাল অডিট যথাসময়ে সম্পাদন না করা।	৩.৫ প্রকল্পের ইন্টারনাল ও এক্সটারনাল অডিট যথাসময়ে সম্পাদনের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এতে কোন আপত্তি উত্থাপিত হলে তা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.৬ অনুমোদিত ডিপিপি'র তুলনায় অধিক সময় ও ব্যয়ে প্রকল্প সমাপ্ত করা।	৩.৬ ভবিষ্যতে সময় বা ব্যয় বৃদ্ধির বিষয়টি ন্যূনতম পর্যায়ে রাখার জন্য মন্ত্রণালয়/সংস্থাকে আরো সচেষ্টিত হতে হবে।
৩.৭ যথাযথ সমীক্ষা ছাড়া প্রকল্প গ্রহণ ও ব্যয় প্রাক্কলন করা।	৩.৭ প্রকল্প গ্রহণকালে পর্যাপ্ত সমীক্ষা ও বাস্তবভিত্তিক ব্যয় প্রাক্কলনপূর্বক প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে।

বাংলাদেশ রেলওয়ের মেইন লাইন সেকশনসমূহের পুনর্বাসন (পশ্চিমাঞ্চল) প্রকল্পের অবশিষ্ট কাজ  
-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

- ১। প্রকল্পের নাম : বাংলাদেশ রেলওয়ের মেইন লাইন সেকশনসমূহের পুনর্বাসন (পশ্চিমাঞ্চল) প্রকল্পের অবশিষ্ট কাজ
- ২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে
- ৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়
- ৪। প্রকল্প এলাকা : খুলনা-ঈশ্বরদী ও ঈশ্বরদী-ঈশ্বরদী বাইপাস সেকশন এবং পোড়াদহ-গোয়ালন্দ সেকশন

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯৬২৮.২০	১৪৯৮৭.৩২	১৪০৩১.৮৩	০১-০৭-২০০৯ থেকে ৩১-১২-২০১২	০১-০৭-২০০৯ থেকে ৩১-১২-২০১৫	০১-০৭-২০০৯ থেকে ৩১-১২-২০১৫	৪৪০৩.৬৩ (৪৫.৭৩%)	৩ বছর (৮৫.৭১%)

৬। প্রশিক্ষণ: প্রকল্পের আওতায় কোন স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান না থাকায় প্রশিক্ষণ প্রদান করা হয়নি।

৭। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):

	Items of Work	Unit	RDPP Target		Actual Progress	
			Physical (Quantity)	Financial	Physical (Quantity)	Financial
1	2	3	4	5	6	7
A	<b>Revenue Component</b>					
1.	Officers Pay	LS	LS	135.36		120.37
2.	Staff Pay	LS	LS	121.47		129.13
3.	Allowances	LS	LS	212.52		208.74
4.	Labour cost for complete Track renewal, Through Sleepr Renewal, Pts & X-ing Renewal, Bridge timber Renewal, Loop Line Renewal, Deep screening & other allied works.	LS	LS	1655.77		1334.31
5.	B.T. hire charge	LS	LS	310.00		415.00
6.	Vehicle fuel charge	LS	LS	80.00		54.15
7.	Vehicle Maintenance	LS	LS	20.00		13.66
8.	Office Stationery	LS	LS	6.62		6.62

	Items of Work	Unit	RDPP Target		Actual Progress	
			Physical (Quantity)	Financial	Physical (Quantity)	Financial
	Total=			<b>2541.74</b>		<b>2281.98</b>
<b>B</b>	<b>Capital Component</b>					
1.	Procurement of X-ing Sleeper (BG)	Cft	9326	139.89	9324.95	107.34
2.	Procurement of New steel Sleeper (BG)	No	66600	7539.12	66600	7539.30
3.	Re-condition of steel sleeper	No	54000	677.70	45001	564.76
4.	Procurement of ERC (BG)	No	490000	585.56	490000	585.55
5.	Procurement of Dog Spikes (BG)	No	65000	26.00	-	-
6.	Procurement of Hook bolts (BG)	No	2600	7.80	2600	7.80
7.	Procurement of Fish Bolts (BG)	No	27000	45.90	27000	37.50
8.	Procurement of Bearing Plate (BG)	No	16700	116.90	-	-
9.	Procurement of Canted Bearing Plate (BG)	No	3600	21.82	3600	21.82
10.	Procurement of Welding portion (BG)	Joint	4480	52.74	4480	81.00
11.	Procurement of Ballast	LCft	24.00	2808.80	23.945	2802.08
12.	Office Equipment & Stationary	LS	LS	10.00	LS	2.70
13.	Office Furniture	LS	LS	1.38	LS	-
	Total =			12033.61		11749.85
C.	Physical Contingency	LS	LS	39.50	LS	-
D.	Price contingency	LS	LS	372.47	LS	-
	Grand Total (A+B+C+D)=			14987.32		14031.83

\*\* অনুমোদিত সংশোধিত ডিপিপি'র সংস্থানের তুলনায় Pay of Staffs, B.T hire Charge, Procurement of New Steel Sleeper এবং Procurement of Welding Portion অংশে যথাক্রমে ৭.৬৬ লক্ষ টাকা, ১০৫.০০ লক্ষ টাকা, ০.১৮ লক্ষ টাকা ও ২৮.২৬ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় করা হয়েছে।

৮। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ	কর্মকাল	
			যোগদান	বদলী
১	২	৪	৫	৬
1.	Md. Abdul Kasem Engineer-in-Chief/Project	খন্ডকালীন একাধিক প্রকল্প	01/07/2010	03/03/2011

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ	কর্মকাল	
			যোগদান	বদলী
১	২	৪	৫	৬
	Banglesh Railway	পরিচালকের দায়িত্বে নিয়োজিত		
2.	Md. Khairul Alam Engineer-in-Chief/Project Banglesh Railway	খন্ডকালীন একাধিক প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত	03/03/2011	05/08/2014
3.	Md. Mojibur Rahman Engineer-in-Chief/Project Banglesh Railway	খন্ডকালীন একাধিক প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত	08/08/2014	30/12/2014
4.	Md. Abdul Hai Engineer-in-Chief/Project Banglesh Railway	খন্ডকালীন একাধিক প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত	30/12/2014	প্রকল্প সমাপ্ত পর্যন্ত

উপরোক্ত ছক পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য প্রকল্পে মোট ৪জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। তাঁদের ২ জনের মেয়াদ ১ বছরেরও কম। প্রকল্পটি ০৩ বছর ০৬ মাস মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদন করা হলেও এর প্রকৃত বাস্তবায়ন সময় লেগেছে ০৬ বছর ০৬ মাস। অর্থাৎ প্রকল্পটির মূল অনুমোদিত মেয়াদের তুলনায় মেয়াদ বৃদ্ধি পেয়েছে ০৩ বছর (৮৫.৭১%) ও ব্যয় বৃদ্ধি পেয়েছে ৪৪০৩.৬৩ লক্ষ টাকা (৪৫.৭৩%)। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী করা হলে প্রকল্প পরিচালকগণ যথাযথভাবে প্রকল্প বাস্তবায়ন, মনিটরিং ও সুপারভিশন যেমন করতে পারেন না তেমনি প্রকল্পের গুণগত মানও রক্ষা করতে পারেননা। এর ফলে জনগণ যথাসময়ে প্রকল্প বাস্তবায়নের সুফল হতে বঞ্চিত হয়।

৯। ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ

৯.১ গাড়ী/ট্রান্সপোর্ট ক্রয়ঃ প্রকল্পের আওতায় কোন গাড়ী/ট্রান্সপোর্ট ক্রয়ের সংস্থান না থাকায় গাড়ী/ট্রান্সপোর্ট ক্রয় করা হয়নি।

৯.২ পণ্য, কার্য ও সেবা ক্রয়ঃ (পণ্য ও কার্য ২০০.০০ লক্ষ টাকার উপরে এবং সেবা ১০০.০০ লক্ষ টাকার উপরে) ক্রয় সংক্রান্ত তথ্যের বিস্তারিত অনুচ্ছেদ ১১.৪ এ বর্ণনা করা হয়েছে।

১০। ডিপিপি বরাদ্দ ও অগ্রগতিঃ প্রকল্পের অনুকূলে মূল ডিপিপিতে ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ বছরে বরাদ্দ ছিল যথাক্রমে ৫১২.৫৫ লক্ষ, ৫৩৬৩.৫০ লক্ষ, ৩৫১৪.১৭ লক্ষ ও ২৩৭.৯৮ লক্ষ টাকা। সংশোধিত ডিপিপি'র সংস্থান, এডিপি/আরএডিপি বরাদ্দ ও অগ্রগতির চিত্র নিম্নরূপঃ

অর্থবছর	সংশোধিত ডিপিপি সংস্থান	টাকা	বাস্তব লক্ষ্যমাত্রা %	এডিপি/আরএডিপি বরাদ্দ	মোট ব্যয়	টাকা ব্যয়	বাস্তব অগ্রগতি %
১	২	৩	৫	৬	৭	৮	১০
২০০৯-১০	৩০০.০০	৩০০.০০	২.৫৮%	৩০০.০০	২৫৩.৪২	২৫৩.৪২	২%
২০১০-১১	১১০০.০০	১১০০.০০	৫%	১১০০.০০	১১০০.০০	১১০০.০০	৫%

অর্থবছর	সংশোধিত ডিপিপি সংস্থান	টাকা	বাস্তব লক্ষ্যমাত্রা %	এডিপি/আরএডিপি বরাদ্দ	মোট ব্যয়	টাকা ব্যয়	বাস্তব অগ্রগতি %
১	২	৩	৫	৬	৭	৮	১০
২০১১-১২	২১৮২.০০	২১৮২.০০	১৪.৫%	২১৮২.০০	২১৮২.০০	২১৮২.০০	১৬.৫%
২০১২-১৩	৭৯৯৩.৯৪	৭৯৯৩.৯৪	৫৫.১৫%	৮০৩৩.১০	৮০৩৩.১০	৮০৩৩.০০	৫৬%
২০১৩-১৪	২৪২০.৯৬	২৪২০.৯৬	১৬.১৫%	১২৬০.০০	১১৮৫.৩৬	১১৮৫.৩৬	৯.৫০%
২০১৪-১৫	৮৪৯.৩৯	৮৪৯.৩৯	৫.৬৭%	১০৬৬.০০	৮৬১.৫১	৮৬১.৫১	৮%
২০১৫-১৬	১৪১.৯৯	১৪১.৯৯	০.৯৫%	৬৮৮.৫০	৪১৬.৪৬	৪১৬.৪৬	৩%
মোট	১৪৯৮৭.৩২	১৪৯৮৭.৩২	১০০%	১৪৬২৯.৫০	১৪০৩১.৮৫	১৪০৩১.৮৫	১০০%

১১। কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

১২। সাধারণ পর্যবেক্ষণঃ

১২.১ প্রকল্পের পটভূমিঃ বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের সেকশনসমূহে যাত্রীদের নিরাপত্তা এবং সময়মত অধিকতর গতিতে ট্রেন চলাচল নিশ্চিত করার জন্য “বাংলাদেশ রেলওয়ের মেইন লাইন সেকশনসমূহের পুনর্বাসন (পশ্চিমাঞ্চল)” শীর্ষক মূল প্রকল্পটি একনেক সভা কর্তৃক গত ২৪-০৭-১৯৯৬ তারিখে ৩৯০.৩৩৩৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদন করা হয়। প্রকল্পটি নিম্নবর্ণিত সেকশনসমূহের পুনর্বাসনের লক্ষ্যে গ্রহণ করা হয়েছিলঃ

সান্তাহার-বোনারপাড়া (৮২ কিঃমিঃ)

কাউনিয়া-লালমনিরহাট (১৫.৭৫ কিঃমিঃ)

খুলনা-ঈশ্বরদী ও ঈশ্বরদী বাইপাস (২৯৪ কিঃমিঃ)

পোড়াদহ-গোয়ালন্দ (৮৭.৯৮ কিঃমিঃ)

পার্বতীপুর-সৈয়দপুর (১৫.৫০ কিঃমিঃ)

রাজশাহী-আব্দুলপুর (৪১.০০ কিঃমিঃ)

উক্ত প্রকল্পের প্রকল্প এলাকা ১৯৯৮ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত হওয়ায় নতুন কাজ অর্ন্তভুক্তির প্রেক্ষিতে ০৯-১২-১৯৯৮ তারিখে ৪০৬৫৪.৮৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির প্রথম সংশোধন অনুমোদন করা হয়। সময়ের প্রয়োজনে ও সাইট কন্ডিশনের কারণে আরো অতিরিক্ত কাজের অন্তর্ভুক্তি, বিদ্যমান অংগের ব্যয় হ্রাস/বৃদ্ধি ও বাস্তবায়নকাল বৃদ্ধির জন্য ৩০-০৭-২০০৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট ৫৩৭৩৮.৫২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের ২য় সংশোধিত প্রস্তাব অনুমোদিত হয়।

প্রকল্পের শুরু থেকে প্রকল্পের অনুকূলে অপরিাপ্ত বরাদ্দ প্রদানের ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পায়। উপরন্তু অর্থায়নের উৎস পরিবর্তিত হওয়ায় স্টীল স্লিপার সংগ্রহের জন্য অনেক সময় লাগে। এর ফলে অধিকাংশ কম্পোনেন্ট এ অতিরিক্ত কাজের প্রয়োজন দেখা দেয় এবং ব্যয় বৃদ্ধি পায়। এছাড়া সময়ের আবর্তনে বিভিন্ন আইটেমের মূল্য বৃদ্ধি পায়। ফলে প্রকল্প ব্যয় অনুমোদিত ডিপিপি এর সংস্থানের অতিরিক্ত হয়ে পড়ায় এবং স্টিল স্লিপারসমূহ বৈদেশিক উৎসের পরিবর্তে স্থানীয় উৎস হতে সংগ্রহের লক্ষ্যে প্রকল্পটি ৩য় বার সংশোধনের জন্য প্রস্তাব করা হলে ১৪-০২-২০০৭ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভায় অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সীমিত রেখে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করতে হবে; প্রয়োজনে প্রকল্পের আওতায় অসমাপ্ত কাজগুলো নিয়ে পরবর্তীতে একটি নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে যোগাযোগ মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করতে পারে বলে সিদ্ধান্ত প্রদান

করা হয়। পিইসি সভার উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে মূল প্রকল্পের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের নিমিত্ত আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

১১.২ প্রকল্পের উদ্দেশ্যঃ প্রকল্পের উদ্দেশ্য হলো-

(ক) খুলনা-যশোর সেকশনের ২৯ কিঃমিঃ মেইন লাইন সেকশন স্টীল স্লিপার দিয়ে নবায়ন, খুলনা-ঈশ্বরদী সেকশনের বিভিন্ন স্টেশনে কাঠের স্লিপার দিয়ে ১৪ কিঃমিঃ লুপ লাইন নবায়ন, খুলনা-যশোর এবং দর্শনা-ঈশ্বরদী সেকশনে ১২৮.৭৭ কিঃমিঃ Deep Screening, বিভিন্ন স্টেশনে ৩৪ সেট Points and Crossing প্রতিস্থাপন, ১৫.০০ লক্ষ ঘনফুট ব্যালাস্ট রেল লাইনে স্প্রেডিং ও ১০০০টি ব্রিজ টিম্বার দিয়ে খুলনা-ঈশ্বরদী সেকশন নবায়ন।

(খ) পোড়াদহ-গোয়ালন্দ সেকশনের ৪৬ কিঃমিঃ মেইন লাইন স্টীল স্লিপার দিয়ে নবায়ন, বিভিন্ন স্টেশনে কাঠের স্লিপার দিয়ে ৭.৫৪ কিঃমিঃ লুপ লাইন নবায়ন, ২১ কিঃমিঃ Deep Screening, বিভিন্ন স্টেশনে ১২ সেট Points and Crossing প্রতিস্থাপন, ৯.০০ লক্ষ ঘনফুট ব্যালাস্ট রেল লাইনে স্প্রেডিং, ৪৫০০টি জয়েন্ট ওয়েল্ডিং ও ১২৫৭টি ব্রিজ টিম্বার দিয়ে পোড়াদহ-রাজবাড়ী সেকশন নবায়ন।

১১.২ প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ প্রকল্পটির মূল প্রস্তাব ২২/১২/২০০৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। উক্ত অনুমোদন মোতাবেক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৯৬২৮.২০ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০০৯ হতে ডিসেম্বর, ২০১২। পরবর্তীতে ১৯/০৬/২০১২ তারিখে একনেক কর্তৃক ১৪৯৮৭.৩২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ হতে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে প্রকল্পটি ১ম সংশোধন করা হয়। বাস্তবায়ন পর্যায়ে বাস্তবতার নিরিখে আইএমইডি 'র সুপারিশক্রমে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পটির সমাপ্তির মেয়াদ ০২ বছর বৃদ্ধি করে ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত নির্ধারণ করা হয়।

১১.৩ সার্বিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ প্রকল্পের আওতায় ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে ১৪০৩১.৮৩ লক্ষ টাকা যা অনুমোদিত সংশোধিত ব্যয় ১৪৯৮৭.৩২ লক্ষ টাকার ৯৩.৬২%। উক্ত সময়ে অনুমোদিত সংশোধিত প্রকল্পের প্রায় ১০০% বাস্তব অগ্রগতি সাধিত হয়েছে (অনুচ্ছেদ-৬)।

১১.৪ দরপত্র সংক্রান্ত তথ্যঃ অনুমোদিত সংশোধিত ডিপিপিতে ১৪টি গুডস প্যাকেজ (২৬টি লট) ও ৬টি ওয়ার্কস প্যাকেজের সংস্থান ছিল। প্রেরিত পিসিআরে ওয়ার্কস প্যাকেজের কোন তথ্য প্রদান করা হয়নি। এ বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণ জানান, আরডিপিপি'র সংস্থান অনুযায়ী বিভাগীয় তত্ত্বাবধানে অস্থায়ী শ্রমিক (গ্যাং ম্যান ও ওয়ে ম্যান) দিয়ে বর্ণিত পূর্ত কাজসমূহ সম্পাদন করা হয়েছে। এছাড়া গুডস প্যাকেজ-GD1 এর দরপত্র দুটি লটে আহবানের সংস্থান থাকলেও বাস্তবে ৫টি লটে দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

Sl	Description of Procurement (Goods/Works/Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Crore Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of Works/Services and Supply of goods	
		As per latest Approved PP	Contracted Value (lac Tk)	Invitation date	Contract Signing/LC Opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7	8
1.	Package No. GD1. GD1 (a) & GD 1 (b): Procurement of 24.00 Lac CFT Stone ballast.	2808.08	2802.08	14/01/2010 15/09/2013 10/02/2013 10/02/2013 10/02/2013	08/08/10 27/10/13 05/08/13 28/05/13 09/06/2013	30/06/13 30/11/14 30/06/15 30/04/14 31/12/13	27/06/13 3 26/11/14 4 29/06/14

Sl	Description of Procurement (Goods/Works/Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Crore Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of Works/Services and Supply of goods	
							5 29/04/14 28/12/15
2.	Package No. GD3: Procurement of Fish Bolts (BG)	45.90	22.51	05/08/2012	12/12/2012	30/01/14	12/05/13
3.	Package No. GD4(a) Procurement of 2600 Nos canted Bearing Plate (BG)	21.82	14.84	28/02/2010	10/08/2010	09/02/11	27/10/10
4.	Package No. GD4 (a/1): Procurement of 1000 Nos canted Bearing Plate (BG)	do	6.77	05/08/2012	12/12/2012	10/06/13	10/03/13
5.	Package No. GD4 (b): Procurement of 2600 Nos Hook bolts with nuts (BG)	7.80	7.80	24/02/2010	10/08/2010	09/02/11	12/01/11
6.	Package no. GD5: Procurement of 9326 CftBG	139.89	90.37	24/02/2010	07/06/2010	06/12/10	25/08/10
7.	Package No. BW/MLR/GD6: Procurement of 39744 Nos. BG new steel sleeper (KLMISD Section)	7539.12	4499.02	09/06/2011	26/07/2011	30/11/13	10/06/13
8.	Package No. BW/MLR/GD7: Procurement of 26856 Nos. BG new steel sleeper (PDB-GL Section)	do	3040.10	09/06/2011	26/07/2013	30/11/13	24/05/13
9.	Package no GD8: Recondition of 45001 nos REC (BG)	677.70	677.70	07/03/2010	09/05/2010	31/08/12	28/08/12
10.	Package no GD9: Procurement of 395000 nos ERC (BG)	585.56	472.02	07/03/2010	09/05/2010	21/02/11	14/02/11
11.	Package no GD9(a): Procurement of 955000 nos FRC (BG)	585.56	113.52	08/09/2011	05/01/2012	03/04/12	02/04/12

SI	Description of Procurement (Goods/Works/Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in Crore Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of Works/Services and Supply of goods	
12	Package No. GD10: Procurement of Office Equipment (1 no Computer & 1 no Photocopy Machine)	10.00	2.00	28/12/2011	20/12/2011	04/02/12	12/01/12
13	Package no. GD10(a): Procurement of Office Furniture	do	1.38	29/11/2011	06/12/2011	20/02/12	20/02/12
14	Package No. GD10(b): Procurement of Office Stationary	do	1.00	29/11/2010	25/01/2011	24/03/11	20/02/11
15	Package No. GD11: procurement of Office Stationary	do	0.50	29/11/2010	25/01/2011	24/03/11	24/03/11
16	Package No. GD12: procurement of Office Stationary	do	1.00	29/11/2010	25/01/2011	24.03.11	24.03.11
17	Package No. GD13: Procurement of Office Stationary	do	1.00	29/11/2010	25/01/2011	24.03.11	24.03.11
18	Package No. GD14: Procurement of Office Stationary	do	0.88	01/12/2011	01.03/2012	31/07/12	31/07/12
19	Package No. GD14(a): Procurement of Office Stationary	do	1.03	01/12/2011	01.03/2012	31/07/12	31/07/12
20	Package No. GD14(b): Procurement of Office Stationary	do	1.22	01/12/2011	01.03/2012	31/07/12	31/07/12

১২। প্রকল্প পরিদর্শনঃ গত ১৯/০৭/২০১৬ তারিখে আইএমইডি 'র সহকারী পরিচালক জনাব মোহাম্মদ আশরাফুজ্জামান ভূঁইয়া কর্তৃক প্রকল্পের খুলনা-যশোর ও কুষ্টিয়া-গোয়ালন্দ সেকশন দুটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাংলাদেশ রেলওয়ের ডিইএন-১, পাকশী জনাব মো: রিয়াদ আহমেদ ও টিএসও জনাব মো: মনিরুজ্জামানসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপ:

১২.১ রেলপথ (ট্র্যাক) পূর্নর্বাচন: অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী (ক) খুলনা-যশোর সেকশনের ২৯ কিঃমিঃ মেইন লাইন সেকশন স্টীল স্লিয়ার দিয়ে নবায়ন, খুলনা-ঈশ্বরদী সেকশনের বিভিন্ন স্টেশনে কাঠের স্লিয়ার দিয়ে ১৪ কিঃমিঃ লুপ লাইন নবায়ন, খুলনা-যশোর এবং দর্শনা-ঈশ্বরদী সেকশনে ১২৮.৭৭ কিঃমিঃ Deep Screening, বিভিন্ন স্টেশনে ৩৪ সেট Points and Crossing প্রতিস্থাপন, ১৫.০০ লক্ষ ঘনফুট ব্যালাস্ট রেল লাইনে স্প্রেডিং ও ১০০০টি ব্রীজ টিম্বার দিয়ে খুলনা-ঈশ্বরদী সেকশন নবায়ন এবং (খ) পোড়াদহ-গোয়ালন্দ সেকশনের ৪৬ কিঃমিঃ মেইন লাইন স্টীল স্লিয়ার দিয়ে নবায়ন, বিভিন্ন স্টেশনে কাঠের স্লিয়ার দিয়ে ৭.৫৪ কিঃমিঃ লুপ লাইন নবায়ন, ২১

কিগ্রমিঃ Deep Screening, বিভিন্ন স্টেশনে ১২ সেট Points and Crossing প্রতিস্থাপন, ৯.০০ লক্ষ ঘনফুট ব্যালাস্ট রেল লাইনে স্প্রেডিং, ৪৫০০টি জয়েন্ট ওয়েল্ডিং ও ১২৫৭টি ব্রিজ টিম্বার দিয়ে পোড়াদহ-রাজবাড়ী সেকশন নবায়ন এর সংস্থান ছিল। এ জন্য সংশোধিত ডিপিপিতে ৯৩২৬ ঘনফুট কাঠের স্লীপার, ৬৬৬০০টি নতুন ও ৫৪০০০টি রিকন্ডিশন স্টীল স্লীপার, ৪৯০০০০টি বিজি ইলাস্টিক রেল ক্লীপ, ৬৫০০০টি ডগ স্পাইক, ২৬০০টি হুক বোল্টস, ২৭০০০টি ফিস বোল্টস, ১৬৭০০টি বিয়ারিং প্লেট, ৩৬০০টি কেটেড বিয়ারিং প্লেট, ৪৪৮০টি ওয়েল্ডিং ম্যাটেরিয়ালস, ২৪.০০ লক্ষ ঘনফুট ব্যালাস্ট, ১৬৫৫.৭৭ লক্ষ টাকার গ্যাংম্যান ও ওয়েম্যান লেবার ক্রয় এবং ব্যালাস্ট ট্রেন ভাড়া বাবদ ৩১০.০০ লক্ষ টাকার সংস্থান ছিল।



চিত্র-১ হতে ৬ (ক্লক ওয়াইজ): খুলনা-যশোর মেইন লাইন সেকশন, পোড়াদহ-গোয়ালন্দ সেকশন, খুলনা-যশোর মেইন লাইন সেকশনের জনবহুল অংশ, লুপ লাইন ও কুশন ব্যালাস্ট, পোড়াদহ-গোয়ালন্দ সেকশনের কুশন ব্যালাস্ট।

প্রেরিত পিসিআরে ৯৩২৪.৯৫ ঘনফুট কাঠের স্লীপার, ৬৬৬০০টি নতুন ও ৪৫০০১টি রিকন্ডিশন স্টীল স্লীপার, ৪৯০০০০টি বিজি ইলাস্টিক রেল ক্লীপ, ০.০০টি ডগ স্পাইক, ২৬০০টি হুক বোল্টস, ২৭০০০টি ফিস বোল্টস, ০.০০টি বিয়ারিং প্লেট, ৩৬০০টি কেটেড বিয়ারিং প্লেট, ৪৪৮০টি ওয়েল্ডিং ম্যাটেরিয়ালস, ২৩.৯৪৫ লক্ষ ঘনফুট ব্যালাস্ট, ১৩৩৪.৩১ লক্ষ টাকার গ্যাংম্যান ও ওয়েম্যান লেবার ক্রয় এবং ব্যালাস্ট ট্রেন ভাড়া বাবদ ৪১৫.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে উল্লেখ আছে। আলোচ্য প্রকল্পের আওতায় কোন Points and Crossing, ডগ স্পাইক ও বিয়ারিং প্লেট ক্রয় করা হয়নি। এ বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণ জানান, পূর্বোক্ত প্রকল্পের অধীন বর্ণিত ৩টি আইটেম উদ্ভূত ছিল। এ কারণে আলোচ্য প্রকল্পে সংস্থান থাকা সত্ত্বেও প্রধান প্রকৌশলী, রাজশাহীর দপ্তর হতে ক্রয়ের অনুমোদন

প্রদান করা হয়নি। তবে বাস্তবায়ন পর্যায়ে ডক স্পাইক ও বিয়ারিং প্লেট আইটেম ২টির কিছু ঘাটতি হয়েছে। পরিদর্শনকালে খুলনা-যশোর ও কুষ্টিয়া-গোয়ালন্দ উভয় সেকশনের মেইন ও লুপ উভয় লাইনের ১ প্যানেলে ৫১টি স্লীল ও ৬টি কার্ঠের স্লীপারসহ মোট ৫৭টি স্লীপার যথাযথ পাওয়া গেছে। তবে বিচ্ছিন্নভাবে কোন কোন স্লীপারে ইলাস্টিক রেল ক্লীপ মিসিং দেখা গেছে। মেইন লাইনের অধিকাংশ স্থানে ডিজাইন মোতাবেক কুশন ও সোল্ডার ব্যালাস্ট স্প্রেডিং করা হয়েছে দেখা যায়। তবে মেইন লাইনের যে সকল স্থানের উভয় পাশে বসতি গড়ে উঠেছে সে সকল স্থান এবং ব্যস্ততম লেভেল ক্রসিং গেটের উভয় পাশে সোল্ডার ব্যালাস্ট অনেক ক্ষেত্রে যথাযথ পাওয়া যায়নি। এছাড়া লুপ লাইনের অনেক স্থানে সোল্ডার ব্যালাস্ট পরিমাণে কম এবং কুশন ব্যালাস্ট ক্ষেত্রবিশেষে ট্র্যাকের ভিতরে ঢুকে যেতে দেখা গেছে। পরিদর্শনকালে খুলনা-যশোর সেকশনে মেইন লাইনের কি:মি: ২২/৬-৮ ও ৩৪/০-২ এবং কুষ্টিয়া-গোয়ালন্দ সেকশনে মেইন লাইনের কি:মি: ২২/৬-৮ ও ৩৪/০-২ তে কুশন ব্যালাস্ট যথাক্রমে ৬ ইঞ্চি ও ৬.৫ ইঞ্চি এবং ৫.৫ ইঞ্চি ও ৭ ইঞ্চি এবং সোল্ডার ব্যালাস্ট যথাক্রমে ৯ ইঞ্চি ও ৭ ইঞ্চি এবং ৬ ইঞ্চি ও ৫ ইঞ্চি পাওয়া গেছে (গ্রহণযোগ্য যথাক্রমে ৬ ইঞ্চি ও ৯ ইঞ্চি )। পরিদর্শনকালে বর্ণিত সেকশনগুলো হতে Speed Restriction (ঘন্টায় ৩০/৪০ কি:মি:) তুলে নেওয়া হয়েছে, রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে এবং দূর্ঘটনা হ্রাস পেয়েছে জানা যায়। বর্তমানে উক্ত সেকশনে ঘন্টায় ৮০ কি:মি: গতিতে ট্রেন চলাচলের অনুমোদন প্রদান করা হয়েছে। ফলে যাত্রীদের ভ্রমণ সময় তুলনামূলক হ্রাস পেয়েছে। বর্তমানে খুলনা-ঈশ্বরদী সেকশনে ১১ জোড়া যাত্রীবাহী ও ৪ জোড়া মালবাহী এবং পোড়াদহ-গোয়ালন্দ সেকশনে ২ জোড়া যাত্রীবাহী ও ২ জোড়া মালবাহী ট্রেন চলাচল করছে। তবে যাত্রী চাহিদার প্রেক্ষিতে উভয় সেকশনে অতিরিক্ত ট্রেনের সংস্থান করা প্রয়োজন মর্মে উপস্থিত কর্মকর্তাগণ আইএমইডিকে অবহিত করেন।

১২.৩ ব্রীজ ট্র্যাক নবায়ন/পুনর্বাসন: অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী খুলনা-যশোর সেকশনে বিদ্যমান ২২৫টি ব্রীজ/কালভার্ট ১০০০টি ব্রীজ টিম্বার এবং পোড়াদহ-রাজবাড়ী সেকশনে বিদ্যমান ১২৫টি ব্রীজ/কালভার্ট ১২৫৭টি ব্রীজ টিম্বার ও আনুষাংগিক ফিটিংস ম্যাটেরিয়াল দিয়ে নবায়ন এর সংস্থান ছিল। পরিদর্শনকালে রেল লাইনে (ট্র্যাক) বিদ্যমান ব্রীজ/কালভার্টসমূহ বর্ণিত ব্রীজ টিম্বার ও আনুষাংগিক ফিটিংস ম্যাটেরিয়াল দিয়ে নবায়ন কাজ করা হয়েছে দেখা যায়। তবে অনেক স্থানে নতুন ব্রীজ টিম্বারের পাশে পুরাতন ও জরাজীর্ণ টিম্বার এবং অনেক ক্ষেত্রে ডগ স্পাইক ও বিয়ারিং প্লেট মিসিং দেখা গেছে। এ বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণ জানান, ব্রীজ ট্র্যাকে ব্যবহৃত কিছু টিম্বার পুরাতন মনে হলেও এগুলোর অধিকাংশের আয়ুষ্কাল রয়েছে। ডিপিপিতে শতভাগ নতুন টিম্বার দ্বারা প্রতিস্থাপনের সংস্থান না থাকায় কিছু পুরাতন টিম্বার রয়ে গেছে। ডগ স্পাইক ও বিয়ারিংপ্লেট প্রকল্পের আওতায় ক্রয় করা হয়নি। পূর্বোক্ত প্রকল্পের উদ্বৃত্ত আইটেম হিসেবে ডগ স্পাইক ও বিয়ারিং প্লেট ব্যবহার করা হয়েছে। ফলে শেষের দিকে কিছু ঘাটতি হয়েছে। এগুলো রাজস্ব বাজেট হতে প্রয়োজন অনুযায়ী সরবরাহ করা হবে। পরিদর্শনকালে কিছু কিছু ব্রীজে কার্ঠের স্লীপারের উপর বাঁশ/কাঠ সংযুক্ত করতে দেখা গেছে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে কর্মকর্তাগণ তাৎক্ষণিকভাবে এগুলো অপসারণের জন্য শ্রমিকদের নির্দেশনা প্রদান করেন।



চিত্র-৭ ও ৮:খুলনা-যশোর মেইন লাইন সেকশনে অবস্থিত ব্রিজ নং-১৬০, পোড়াদহ-গোয়ালন্দ সেকশনে অবস্থিত ব্রিজ নং-25R

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
<p>প্রকল্পের মূল উদ্দেশ্য হলো- (ক) খুলনা-যশোর সেকশনের ২৯ কিঃমিঃ মেইন লাইন সেকশন স্টীল স্লিপার দিয়ে নবায়ন, খুলনা-ঈশ্বরদী সেকশনের বিভিন্ন স্টেশনে কাঠের স্লিপার দিয়ে ১৪ কিঃমিঃ লুপ লাইন নবায়ন, খুলনা-যশোর এবং দর্শনা-ঈশ্বরদী সেকশনে ১২৮.৭৭ কিঃমিঃ Deep Screening, বিভিন্ন স্টেশনে ৩৪ সেট Points and Crossing প্রতিস্থাপন, ১৫.০০ লক্ষ ঘনফুট ব্যালাস্ট রেল লাইনে স্প্রেডিং ও ১০০০টি ব্রিজ টিম্বার দিয়ে খুলনা-ঈশ্বরদী সেকশন নবায়ন এবং (খ) পোড়াদহ-গোয়ালন্দ সেকশনের ৪৬ কিঃমিঃ মেইন লাইন স্টীল স্লিপার দিয়ে নবায়ন, বিভিন্ন স্টেশনে কাঠের স্লিপার দিয়ে ৭.৫৪ কিঃমিঃ লুপ লাইন নবায়ন, ২১ কিঃমিঃ Deep Screening, বিভিন্ন স্টেশনে ১২ সেট Points and Crossing প্রতিস্থাপন, ৯.০০ লক্ষ ঘনফুট ব্যালাস্ট রেল লাইনে স্প্রেডিং, ৪৫০০টি জয়েন্ট ওয়েল্ডিং ও ১২৫৭টি ব্রিজ টিম্বার দিয়ে পোড়াদহ-রাজবাড়ী সেকশন নবায়ন এর মাধ্যমে যাত্রীদের নিরাপত্তা এবং সময়মত অধিকতর গতিতে ট্রেন চলাচল নিশ্চিত করা।</p>	<p>প্রকল্পের আওতায় খুলনা-ঈশ্বরদী, ঈশ্বরদী-ঈশ্বরদী বাইপাস ও পোড়াদহ-গোয়ালন্দ সেকশনে ৯৩২৪.৯৫ ঘনফুট কাঠের স্লিপার, ৬৬৬০০টি নতুন ও ৪৫০০১টি রিকন্ডিশন স্টীল স্লিপার, ৪৯০০০০টি বিজি ইলাস্টিক রেল ব্লীপ, ২৬০০টি হুক বোল্টস, ২৭০০০টি ফিস বোল্টস, ৩৬০০টি কেটেড বিয়ারিং প্লেট, ৪৪৮০টি ওয়েল্ডিং ম্যাটেরিয়ালস, ২৩.৯৪৫ লক্ষ ঘনফুট ব্যালাস্ট, ১৩৩৪.৩১ লক্ষ টাকায় গ্যাংম্যান ও ওয়েম্যান লেবার ক্রয় এবং ব্যালাস্ট ট্রেন ভাড়া বাবদ ৪১৫.০০ লক্ষ টাকা ব্যয় করে ৭৫ কিঃমিঃ মেইন লাইন ও ২১.৫৪ কিঃমিঃ লুপ লাইন নবায়ন, ১৪৯.৭৭ কিঃমিঃ Deep Screening, ৪৬ সেট Points and Crossing প্রতিস্থাপন এবং ৩৫০টি ব্রিজের ট্র্যাক নবায়ন পুনর্বাসন করায় বর্ধিত সেকশনগুলোতে ঘন্টায় ৮০ কিঃমিঃ গতিতে ট্রেন চলাচল করছে, দুর্ঘটনা হ্রাস পেয়েছে এবং সময়মত অধিকতর গতিতে ট্রেন চলাচল নিশ্চিত হয়েছে। ফলে প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে। তবে যাত্রী চাহিদার প্রেক্ষিতে উভয় সেকশনে অতিরিক্ত ট্রেনের সংস্থান করা প্রয়োজন। এছাড়া মেইন লাইনের যে সকল স্থানে উভয় পাশে বসতি গড়ে উঠেছে সে সকল স্থান এবং ব্যস্ততম লেভেল ক্রসিং গেটের উভয় পাশ এবং লুপ লাইনের অনেক স্থানে কুশন ব্যালাস্ট ট্র্যাকের ভিতরে ঢুকে গেছে সে সকল স্থানে নিয়মিত Over-hauling এর প্রয়োজন হবে।</p>

১৪। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে। তবে মেইন লাইনের যে সকল স্থানে উভয় পাশে বসতি গড়ে উঠেছে সে সকল স্থান, ব্যস্ততম লেভেল ক্রসিং গেটের উভয় পাশ এবং লুপ লাইনের যে সকল স্থানে কুশন ব্যালাস্ট ট্র্যাকের ভিতরে ঢুকে গেছে সে সকল স্থানে নিয়মিত Over-hauling এর প্রয়োজন হবে।

১৫। প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ প্রকল্পটি বাস্তবায়নে অর্থ বরাদ্দ ও সময় বৃদ্ধি ব্যতীত উল্লেখযোগ্য অন্য কোন সমস্যা মোকাবেলা করতে হয়নি।

- ১৬। রাজস্ব খাতে স্থানান্তরঃ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ ইতোমধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের রাজস্ব খাতে (ওপেন লাইন)-এ স্থানান্তর করা হয়েছে।
- ১৭। **External Audit:** মন্ত্রণালয় হতে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় প্রকল্পটির কোন Internal ও External Audit করা হয়নি। কিন্তু মন্ত্রণালয় কর্তৃক সমাপ্তি প্রতিবেদন প্রেরণের পূর্বে প্রকল্পটির External Audit করা প্রয়োজন ছিল।
- ১৮। মতামত/সুপারিশঃ
- ১৮.১ প্রকল্পটি বাস্তবায়নে মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় অতিরিক্ত সময় ও অর্থ ব্যয় হয়েছে যথাক্রমে ৩ বছর (৮৫.৭১%) ও ৪৪০৩.৬৩ লক্ষ টাকা (৪৫.৭৩%)। ডিপিপি'র লক্ষ্যমাত্রার বিপরীতে এডিপিতে অর্থ বরাদ্দের স্বল্পতার কারণে এমনটি হয়েছে। এমটিবিএফ মন্ত্রণালয় হিসেবে রেলপথ মন্ত্রণালয় ভবিষ্যতে Basket অনুযায়ী প্রকল্প গ্রহণ করবে এবং ডিপিপির আলোকে বরাদ্দ নিশ্চিত করবে (অনু: ৫ ও ১০);
- ১৮.২ প্রকল্পটির বাস্তবায়নকাল ৬ বছর ৬ মাসে ৪ (চার) বার প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে। তন্মধ্যে ২ জন প্রকল্প পরিচালকের মেয়াদ ১ বছরেরও কম ছিল। ঘন ঘন প্রকল্প পরিচালক বদলের প্রেক্ষিতে প্রকল্প পরিচালকগণ যথাযথ সুপারভিশন ও মনিটরিং করতে পারেন না। ফলে প্রকল্পের বাস্তবায়ন বিঘ্নিত হওয়ার পাশাপাশি গুণগতমান নিশ্চিত করা করা সম্ভব হয় না। মন্ত্রণালয় বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্পে প্রকল্প বাস্তবায়নকালীন সময়ের জন্য একজন প্রকল্প পরিচালক নিয়োগের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে (অনু:৮);
- ১৮.৩ অনুমোদিত সংশোধিত ডিপিপি'র সংস্থানের তুলনায় Pay of Staffs, B.T hire Charge, Procurement of New Steel Sleeper এবং Procurement of Welding Portion অংশে যথাক্রমে ৭.৬৬ লক্ষ টাকা, ১০৫.০০ লক্ষ টাকা, ০.১৮ লক্ষ টাকা ও ২৮.২৬ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় করার বিষয়টি মন্ত্রণালয় যাচাই করবে (অনু: ৭);
- ১৮.৪ অনুমোদিত সংশোধিত ডিপিপিতে ৬টি ওয়ার্কস প্যাকেজের সংস্থান থাকলেও প্রেরিত পিসিআরে ওয়ার্কস প্যাকেজের কোন তথ্য প্রদান করা হয়নি। গুডস প্যাকেজ GD1 এর দরপত্র দুটি লটে আহবানের সংস্থান থাকলেও বাস্তবে ৫টি লটে দরপত্র আহবান করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয় ব্যাখ্যা প্রদান করবে (অনু: ১১.৪);
- ১৮.৫ মেইন লাইনের যে সকল স্থানের উভয় পাশে বসতি গড়ে উঠেছে সে সকল স্থান এবং ব্যস্ততম লেভেল ক্রসিং গেটের উভয় পাশে সোল্ডার ব্যালাস্ট যথাযথ পরিমাণে রাখার বিষয়ে মন্ত্রণালয় পদক্ষেপ গ্রহণ করবে (অনু: ১২.১);
- ১৮.৬ লুপ লাইনের যে সকল স্থানে সোল্ডার ব্যালাস্ট পরিমাণে কম এবং কুশন ব্যালাস্ট ক্ষেত্রবিশেষে ট্র্যাকের ভিতরে ঢুকে গেছে তা চিহ্নিতপূর্বক সংশোধন করতে হবে (অনু: ১২.১);
- ১৮.৭ মেয়াদোত্তীর্ণ পুরাতন ও জরাজীর্ণ ব্রীজ টিম্বার চিহ্নিতপূর্বক নতুন ব্রীজ টিম্বার দিয়ে প্রতিস্থাপন এবং মিসিং হওয়া ডগ স্পাইক ও বিয়ারিং প্লেট পুনরায় লাগানোর বিষয়টি নিশ্চিত করতে হবে (অনু: ১২.২);
- ১৮.৮ যাত্রী চাহিদার প্রেক্ষিতে উভয় সেকশনে অতিরিক্ত ট্রেনের সংস্থান করার বিষয়টি রেলপথ মন্ত্রণালয় বিবেচনা করবে (অনু: ১৩);
- ১৮.৯ সমাপ্ত প্রকল্পটির সত্ত্বর External Audit সম্পন্ন করতে হবে (অনু: ১৭); এবং
- ১৮.১০ অনুচ্ছেদ ১৮.১ হতে ১৮.৯ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয় আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে।

৩০টি (সংশোধিত ১৬টি) ব্রড গেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ সংগ্রহ

-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

- ১। প্রকল্পের নাম : ৩০টি (সংশোধিত ১৬টি) ব্রড গেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ সংগ্রহ
- ২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে।
- ৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়।
- ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (প্রঃ সাঃ)		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়ন		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬০৭৭৯.৫১	৫৫০০৬.৫৩	৫২৩৭৭.৫২	০১-১২-২০১০ হতে ৩০-০৬-২০১৩	০১-১২-২০১০ হতে ৩০-০৬-২০১৬	০১-১২-২০১০ হতে ৩০-০৬-২০১৬	(-) ৮৪০১.৯৯ (-) ১৩.৮২%	৩ বছর (১১৬.১২%)

৫। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):

ক্রমিক নং	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		ক্রমপুঞ্জিত অগ্রগতি ( জুন, ২০১৬ পর্যন্ত )	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
1.	LC opening charge	-	483.08	-	475.76	-
2.	Pre-shipment inspection	-	243.81	-	228.16	-
3.	Insurance	-	397.60	-	0.00	-
4.	Landing & other charges	-	39.76	-	36.45	-
5.	Transportation	-	39.76	-	38.42	-
6.	Fuel and lubricant cost of vehicle	-	16.00	-	16.08	-
7.	Office stationery & others	-	3.00	-	1.00	-
8.	Honorarium	-	-	-	0.59	-
9.	Overseas training	M.M.	45.72	12	46.04	12
10.	Expatriate service	M.M.	205.26	24	207.77	24
11.	De-processing	LS	80.00	-	0.00	-
12.	Maintenance cost of vehicle	LS	3.00	-	1.75	-
13.	BG locomotives	nos.	39241.04	16	39446.88	16
14.	Spare parts	LS	267.54	-	268.94	-
15.	Vehicle procurement	Nos.	99.97	2	99.97	2
16.	Office furniture & others	LS	6.00	-	3.98	-
17.	Office equipment & others	LS	7.00	-	5.73	-
18.	Custom duty & VAT	LS	13828.00	-	11500.00	-
	Total		55006.64	-	52377.52	-

## ৬। কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ

প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন হয়েছে। অনুমোদিত ডিপিপি অনুসারে ১৬ টি লোকোমোটিভ সংগৃহীত হয়েছে।

## ৭। সাধারণ পর্যবেক্ষণ :

### ৭.১ প্রকল্পের পটভূমি:

বাংলাদেশ রেলওয়েতে ২৭৫টি লোকোমোটিভ চালু রয়েছে। এর মধ্যে ব্রড গেজ লোকোমোটিভের সংখ্যা ৯৪টি এবং মিটার গেজ লোকোমোটিভের সংখ্যা ১৮১টি। লোকোমোটিভের স্বাভাবিক আয়ুষ্কাল ২০ বছর। ইত:পূর্বে ব্রড গেজের ৭৫টি এবং মিটার গেজের ১৫৮ টি লোকোমোটিভ তাদের স্বাভাবিক আয়ুষ্কাল অতিক্রম করে। পুরাতন এ লোকোমোটিভের নির্ভরতা ছিল খুবই কম এবং রক্ষণাবেক্ষণ ব্যয় ছিল খুবই বেশী। সাধারণত: ৩০ বছর সার্ভিসের পরই লোকোমোটিভ প্রতিস্থাপন প্রয়োজন পড়ে। এই বিবেচনায় ৩০ বছরের অধিক সার্ভিসে থাকা ৩১ টি ব্রড গেজ লোকোমোটিভের জরুরী প্রতিস্থাপনের প্রয়োজন দেখা দেয়। এর প্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ে ভারতীয় ডলার ক্রেডিট লাইনের আওতায় ১৬ টি ব্রড গেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ সংগ্রহের জন্য প্রকল্পটি গ্রহণ করে।

### ৭.২ প্রকল্পের উদ্দেশ্য:

- পুরাতন লোকোমোটিভ প্রতিস্থাপন।
- বাংলাদেশে রেলওয়ের ব্রড গেজ সেকশনে ট্রেন পরিচালনায় দক্ষতার উন্নয়ন।
- বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধি করণ।
- আঞ্চলিক বাণিজ্যের প্রসার।

### ৭.৩ প্রকল্পের অনুমোদন ও সংশোধন:

বাংলাদেশ রেলওয়ের জন্য “৩০টি বিজি ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ সংগ্রহ” শীর্ষক মূল প্রকল্পটি ভারতীয় ডলার ক্রেডিট লাইনের (LOC) আওতায় গত ০৪-০১-২০১১ তারিখে ০১-১২-২০১০ হতে ৩০-০৬-২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে দরদাতার উদ্ধৃত মূল্য প্রাক্কলিত ব্যয় অপেক্ষা বেশী হওয়ায় ১৬টি লোকোমোটিভ সংগ্রহের নিমিত্ত প্রাক্কলনটি সংশোধন করা হয়। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ ১ম বার ৩০-০৬-২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে সংশোধিত প্রকল্পটি গত ১৩-১১-২০১৩ তারিখে ০১-১২-২০১০ হতে ৩০-০৬-২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়।

## ৮। ক্রয় সংক্রান্ত তথ্যাদি:

৩০টি (সংশোধিত ১৬টি) বিজি ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ সংগ্রহের নিমিত্তে প্রকল্প পরিচালক কর্তৃক ০৫-১২-২০১০ তারিখে দরপত্র আহবান করা হয়। দরপত্রটি জাতীয় দৈনিক পত্রিকায় এবং বাংলাদেশ রেলওয়ে ও সিপিটিইউ’র ওয়েব সাইটে প্রকাশ করা হয়। M/s RITES limited, India এবং M/s Bharat Heavy Electricals, India দরপত্র ক্রয় করে। তন্মধ্যে M/s RITES limited, India দরপত্র দাখিল করে। টিইসি’র মূল্যায়ন শেষে গত ১১-০৩-২০১২ তারিখে ক্রয় প্রস্তাব সিসিজিপি কর্তৃক অনুমোদিত হয়। সিসিজিপি কর্তৃক অনুমোদনের পর সফল দরদাতা M/s RITES limited, India এর অনুকূলে NOA ইস্যু করা হয়। গত ১০-০৬-২০১২ তারিখে বাংলাদেশ রেলওয়ে এবং M/s RITES limited, India মধ্যে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। প্রকল্পের ১৬টি লোকোমোটিভ বাংলাদেশে গ্রহণের তারিখ নিম্নরূপ:

Procurement of 30 BG (Revised 16 Nos.) Diesel Electric Locomotive.				
Loco No.	Date of receive	Date of trial run	Commissioning date	Acceptance
6512 & 6513	29-09-2013	12-11-2013	12-11-2013	07-04-2014
6511 & 6514	07-10-2013	12-11-2013	12-11-2013	07-04-2014

Procurement of 30 BG (Revised 16 Nos.) Diesel Electric Locomotive.				
Loco No.	Date of receive	Date of trial run	Commissioning date	Acceptance
6515 & 6516	11-11-2013	30-01-2014	30-01-2014	13-04-2014
6517 & 6518	24-12-2013	30-01-2014	30-01-2014	13-04-2014
6519, 6521 6520 & 6522	04-05-2014 & 05-05-2014	29-05-2014	29-05-2014	04-06-2014
6523, 6524 6525 & 6526	21-05-2014 & 22-05-2014	16-06-2014	16-06-2014	18-06-2014

৯। ডিপিপি বরাদ্দ ও অগ্রগতি : প্রকল্পের পিসিআর অনুযায়ী আলোচ্য প্রকল্পের অর্থ বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতির চিত্র নিম্নরূপ:

অর্থ বছর	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা				টাকা অবমুক্ত	প্রকৃত বাস্তবায়ন			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষ্য মাত্রা %		মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব অগ্রগতি %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১০-২০১১	২.৮৩	২.৮৩	০.০০	০.০০%	৫০.০০	২.৭৮	২.৭৮	০.০০	১০০%
২০১১-২০১২	১০০.৮৯	১০০.৮৯	০.০০	০.১৮%	১০৬.০	১০০.৯৮	১০০.৮৯	০.০০	
২০১২-২০১৩	১২৮১৩.৮২	৪৮৪.০৯	১২৩২৯.৭৩	২৩.৩০ %	৪৮৫.০০	১২৮১৩.৫০	৪৮৩.৭৭	১২৩২৯.৭৩	
২০১৩-২০১৪	৪১৯৫৫.১৮	১৪৬৪৮.৫২	২৭৩০৬.৬৭	৭৬.২৭ %	১১৭৬৬.০০	৩৭১৮৪.৭২	১১৭৭২.৮৪	২৫৪১১.৮৮	
২০১৪-২০১৫	৮৭.১০	৫.০০	৮২.১০	০.১৬%	৪১.৫০	২০৬০.৬৫	৪০.৪০	২০২০.২৫	
২০১৫-২০১৬	৪৬.৭০	৫.৬৫	৪১.০৫	০.০৮%	১০.৫০	২১৪.৯৮	৭.২১	২০৭.৭৭	
মোট=	৫৫০০৬.৫২	১৫২৪৬.৯৭	৩৯৭৫৯.৫৬	১০০%	১২৪৫৯.০০	৫২৩৭৭.৫২	১২৪০৭.৯৮	৩৯৯৬৯.৬৩	

১০। অন্যান্য যন্ত্রপাতি/গাড়ী ক্রয়/স্থান: প্রকল্পের আওতায় ০১টি জীপ গাড়ী ও ০১টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে; যা প্রকল্প সমাপ্তির পর বাংলাদেশ রেলওয়ের পরিবহন পুঁজে জমা দেয়া হয়েছে বলে জানা যায়।

১১। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> পুরাতন লোকোমোটিভ প্রতিস্থাপন।</li> <li><input type="checkbox"/> বাংলাদেশে রেলওয়ের ব্রড গেজ সেকশনে ট্রেন পরিচালনায় দক্ষতা বৃদ্ধি।</li> <li><input type="checkbox"/> বাংলাদেশ রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধি করা।</li> <li><input type="checkbox"/> আঞ্চলিক বাণিজ্যের প্রসার।</li> </ul>	<p>প্রকল্পটি সমাপ্তির পর ব্রড গেজ সেকশনে লোকোমোটিভের প্রাপ্যতা বৃদ্ধি পেয়েছে। লোকোমোটিভ ফেইলিউর কমেছে। এর ফলে নিরাপদ, গতিময় এবং আরামদায়ক ট্রেন চলাচল নিশ্চিত হয়েছে। এ ছাড়া ব্রড গেজ এবং ডুয়েল গেজ ট্রেন পরিচালনায় সহায়ক হবে এবং ক্রমবর্ধমান যাত্রী ও মালামাল পারিবহণের চাহিদা পূরণ করা সম্ভবপর হবে।</p>

১২। উদ্দেশ্য অর্জিত হয়ে না থাকলে তার কারণপ্রয়োজ্য নয়।

**১৩। পরিদর্শন ও পর্যবেক্ষণ:**

প্রকল্পটি আইএমইডি'র সহকারী পরিচালক (রেল) মো: সুলতান আহমেদ কর্তৃক গত ৩০-৩১ জুলাই ২০১৭ এবং ০৯-১০ আগস্ট ২০১৭ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকের প্রতিনিধি হিসেবে যথাক্রমে পরিচালক (লোকো) রেলভবন ঢাকা এবং সহকারী মেকানিক্যাল ইন্জী নিয়ার (এ এম ই) ঈশ্বরদী এবং রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা, প্রকল্প তথ্য বিশ্লেষণ এবং পিসিআর এর তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে।

**১৩.১। পর্যবেক্ষণ:**

বাংলাদেশ রেলওয়ের জন্য ক্রয়কৃত ১৬টি নতুন ব্রডগেজ (বিজি) লোকোমোটিভ এর মধ্যে ১০টি ব্রডগেজ (বিজি) লোকোমোটিভ বাংলাদেশ রেলওয়ের সমগ্র ব্রডগেজ লাইনে চলাচল করছে বলে সরেজমিন প্রকল্প পরিদর্শনকালে প্রত্যক্ষভাবে দেখা যায় এবং ৩টি ব্রডগেজ (বিজি) লোকোমোটিভ রেলওয়ের সমগ্র ব্রডগেজ লাইনে চলাচল করছে বলে প্রকল্প পরিচালকসূত্রে জানা যায়। এ ছাড়া ২টি লোকোমোটিভ নং ৬৫১৩ এবং ৬৫১৪ যথাক্রমে গত ১২-০৭-২০১৭ তারিখ এবং ২৪-০৭-১৭ তারিখে ( রেলওয়ের এফ সিডিউল ২ বৎসর পর পর স্বাভাবিক নিয়মে সার্ভিসিং /মেরামত) পার্বতীপুর রেলওয়ে ওয়ার্কশপে মেরামতের জন্য প্রেরণ করা হয়েছে বলে জানা যায় এবং পরিদর্শনকালীন সময়ে অর্থাৎ গত ০৯-০৮-২০১৭ তারিখে লোকোমোটিভ নং ৬৫২৫ ঈশ্বরদী লোকোশেডে দুর্ঘটনা পরবর্তী অবস্থায় দেখতে পাওয়া যায়।

**১৩.২। ১৬ টি বিজি লোকোমোটিভ সংগ্রহ সম্পর্কিত তথ্যাদি:**

ক্রমিক নং	লোকোমোটিভ নং	সংগ্রহের তারিখ	কোন দেশ হতে সংগ্রহ করা হয়েছে	ট্রাফিকে হস্তান্তরের তারিখ	বর্তমানে কোন ট্রেন সার্ভিসে/ লাইনে চলাচল করছে।
১	২	৩	৪	৫	৬
১.	৬৫১২, ৬৫১৩	২৯-৯-২০১৩	ভারত	১২-১১-২০১৩	বাংলাদেশ রেলওয়ের পশ্চিম জোনের ব্রড গেজ সেকশনে এবং পূর্ব জোনের ডুয়েল গেজ সেকশনে।
২.	৬৫১১, ৬৫১৪	০৭-১০-২০১৩	ভারত	১২-১১-২০১৩	-ঐ-
৩.	৬৫১৫, ৬৫১৬	১১-১১-২০১৩	ভারত	৩০-০১-২০১৪	-ঐ-
৪.	৬৫১৭, ৬৫১৮	২৪-১২-২০১৩	ভারত	৩০-০১-২০১৪	-ঐ-
৫.	৬৫১৯, ৬৫২১	০৪-০৫-২০১৪	ভারত	২৯-০৫-২০১৪	-ঐ-
৬.	৬৫২০, ৬৫২২	০৫-০৫-২০১৪	ভারত	২৯-০৫-২০১৪	-ঐ-
৭.	৬৫২৩, ৬৫২৪	২১-০৫-২০১৪	ভারত	১৬-০৬-২০১৪	-ঐ-
৮.	৬৫২৫, ৬৫২৬	২১-০৫-২০১৪	ভারত	১৬-০৬-২০১৪	-ঐ-

১৩.৩ বাংলাদেশ রেলওয়ে জন্ম প্রকল্পের আওতায় ক্রয়কৃত ১৬ টি ব্রডগেজ (বিজি) এর বর্তমান অবস্থা:

ক্রমিক নং	লোকোমোটিভ নং	ইঞ্জিন নং	টাইপ/মডেল নং	সংগ্রহ/কমিশনিং তারিখ	ট্রেন সার্ভিসে চালুর তারিখ	বর্তমান অবস্থা
০১	৬৫১১	১.১৯৯৪-০২-ইজ ১২৯৬	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	১৩/১১/১৩	১৮/১২/১৩	ট্রেন সার্ভিসে চলমান আছে।
০২	৬৫১২	১.১৯৯৪-০২-ইজ ১২৯৩	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	১৩/১১/১৩	০৯/১/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
০৩	৬৫১৩	১.১৯৯৪-০২-ইজ ১২৯৪	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	২৩/১১/১৩	১৮/১২/১৩	রেলওয়ের “এফ” সিডিউল মোতাবেক সার্ভিসিং এর জন্য ডিজেল শপ/পার্বতীপুর ওয়ার্কশপে আছে।
০৪	৬৫১৪	১.১৯৯৪-০২-ইজ ১২৯৫	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	২৩/১১/১৩	২৬/১১/১৩	রেলওয়ের “এফ” সিডিউল মোতাবেক মেরামত/সার্ভিসিং এর জন্য ডিজেল শপ/পার্বতীপুর ওয়ার্কশপে আছে।
০৫	৬৫১৫	১.১৯৯৪-০২-ইজ ১২৯৭	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	০২/২/১৪	০৩/২/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
০৬	৬৫১৬	১.১৯৯৪-০২-ইজ ১২৯৮	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	০২/২/১৪	০৪/২/১৪	০৯/৮/১৭ তারিখে রেলওয়ের “সি” সিডিউল মোতাবেক মেরামত/সার্ভিসিং এর জন্য ঈশ্বরদী লোকোশেডে আছে।
০৭	৬৫১৭	১.১৯৯৪-০২-ইজ ১২৯৯	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	০৮/২/১৪	১১/২/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
০৮	৬৫১৮	১.১৯৯৪-০২-ইজ ১৩০০	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	০৮/২/১৪	১১/২/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
০৯	৬৫১৯	১.১৯৯৪-০২-ইজ ১৩০১	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	২৬/৫/১৪	০২/৬/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
১০	৬৫২০	১.১৯৯৪-০২-ইজ ১৩০২	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	২৮/৫/১৪	০৩/৬/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
১১	৬৫২১	১.১৯৯৪-০২-ইজ ১৩০৩	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	০২/৬/১৪	০৮/৬/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
১২	৬৫২২	১.১৯৯৪-০২-ইজ ১৩০৪	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	০৩/৬/১৪	০৯/৬/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
১৩	৬৫২৩	১.১৯৯৪-০২-ইজ ১৩০৫	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	১৯/৬/১৪	২৬/৬/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
১৪	৬৫২৪	১.১৯৯৪-০২-ইজ ১৩০৬	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	২৩/৬/১৪	২৯/৬/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।
১৫	৬৫২৫	১-১৯৯৪-০২-ইজ ১৩০৭	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	২১/৬/১৪	০৩/৭/১৪	সামান্য ক্ষতিগ্রস্ত অবস্থায় ঈশ্বরদী লোকোশেডে দেখতে পাওয়া যায়।
১৬	৬৫২৬	১.১৯৯৪-০২-ইজ ১৩০৮	১৬ঠ-৯৮-১০২-২৫/ই	২৬/৬/১৪	০৬/৭/১৪	ট্রেন সার্ভিসে চলমান আছে।

১৩.৪ পরিদর্শনকালে গৃহীত চলাচলকৃত ব্রডগেজ (বিজি) ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভসমূহের ছবি:




ছবি: লোকোমোটিভ নং ৬৫১১



ছবি: লোকোমোটিভ নং ৬৫১২



ছবি: লোকোমোটিভ নং ৬৫২৬



ছবি: লোকোমোটিভ নং ৬৫১৭



ছবি: লোকোমোটিভ নং ৬৫২১



ছবি: লোকোমোটিভ নং ৬৫২২




ছবি: লোকোমোটিভ নং ৬৫২৩



ছবি: লোকোমোটিভ নং ৬৫২৪

১৩.৫ প্রতিটি লোকোমোটিভ এর ইন্জিনের গায়ে পৃথক প্লেটে DIESEL LOCOMOTIVE WORKS, VARANASI, INDIA খচিত লেখা রয়েছে বলে সরেজমিনে দেখতে পাওয়া যায়।




ছবি: লোকোমোটিভ এর ইন্জিনের গায়ে পৃথক প্লেটে DIESEL LOCOMOTIVE WORKS, VARANASI, INDIA খচিত লেখা

১৩.৬ লোকোমোটিভ নং ৬৫২৫ সিরাজগঞ্জ জেলাধীন উল্লাপাড়া -জামতৈল এর মাঝখানে একটি অনির্ধারিত গেট (Unmanned gate) সংলগ্ন স্থানে ট্রাকের সংগে ধাক্কা লাগে বলে জানা যায়। এতে লোকোমোটিভটির সামনের অংশ কিছুটা ক্ষতিগ্রস্ত হয়েছে, ইন্জিনের ওয়াটার পাইপ লাইন ফেটে গেছে এবং রেডিয়েটর ক্ষতিগ্রস্ত হয়েছে বলে সরেজমিন পরিদর্শনের সময় দেখা যায়। জানা যায় যে , এ অনির্ধারিত গেটটি (Unmanned gate) স্থানীয় জনসাধারণ কর্তৃক তৈরী এবং পরিচালিত অর্থাৎ এটি রেল বিভাগ কর্তৃক পরিচালিত কোন গেট নহে। আলোচ্য লোকোমোটিভটি কিছুদিনের মধ্যে মেরামত শেষে ট্রেন সার্ভিসে চলাচল করতে পারবে বলে পরিদর্শনকালে উপস্থিত কর্মকর্তারা জানান।



ছবি: লোকোমোটিভ নং ৬৫২৫ সামান্য ক্ষতিগ্রস্ত

১৩.৭ লোকোমোটিভ নং ৬৫১৬ বাংলাদেশ রেলওয়ের ‘সি’ সিডিউল মোতাবেক (‘সি’ সিডিউলঃ প্রতি ০২ মাস অন্তর অন্তর একদিন ব্যাপি লোকোশেডে নির্দিষ্ট আইটেমের চেকিং কার্যক্রম তথা ‘সি’ সিডিউল স্বাভাবিক নিয়মে সম্পন্ন হয়) ঈশ্বরদী লোকোশেডে মেরামত/সার্ভিসিং এর জন্য আনা হয়েছে।



ছবি: লোকোমোটিভ নং ৬৫১৬ এর সার্ভিসিং/চেকিং রত অবস্থা



ছবি: লোকোমোটিভ নং ৬৫১৬ এর সার্ভিসিং/চেকিং

১৩.৮ লোকোমোটিভ নং ৬৫১৩ এবং ৬৫১৪ যথাক্রমে গত ১২-০৭-২০১৭ তারিখ এবং ২৪-০৭-১৭ তারিখে বাংলাদেশ রেলওয়ের ‘এফ’ সিডিউল (২ বৎসর পর পর স্বাভাবিক নিয়মে সার্ভিসিং /মেরামত) মোতাবেক পার্বতীপুর রেলওয়ে ওয়ার্কশপে মেরামতের অপেক্ষায় আছে। এ দুটি বিজি লোকোমোটিভ রেলওয়ে ওয়ার্কশপে ১০ দিন মেরামত শেষে ট্রেন সার্ভিসে চলাচল করার কথা। তবে পরিদর্শনকালীন সময় পর্যন্ত অর্থাৎ গত ১০-০৮-২০১৭ তারিখ পর্যন্ত পার্বতীপুর রেলওয়ে ওয়ার্কশপে আছে বলে জানা যায় এবং ট্রেন সার্ভিসে চলাচল অবস্থায় দেখা যায়নি।

১৪। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ	কর্মকাল
১	২	৩	৪
১।	জনাব মোঃ শামছুজ্জামান যুগ্ম মহাপরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	মূল পদের অতিরিক্ত হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন।	২৭-০২-২০১১ হতে ২৮- ০৬-২০১৫ পর্যন্ত।
২।	জনাব আব্দুল মতিন চৌধুরী যুগ্ম মহাপরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	মূল পদের অতিরিক্ত হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন।	১৮-০৬-২০১৫ হতে ২১- ১২-২০১৬ পর্যন্ত।

১৫। অডিট সংক্রান্ত : প্রকল্পটি FAPAD কর্তৃক External অডিট সম্পন্নের বিবরণ নিম্নে প্রদান করা হলো।

ক্রমিক নং	আপত্তির শিরোনাম ও সন	জবাব প্রেরণের তারিখ	বর্তমান অবস্থা	মন্তব্য
১।	Project was deprived of the benefit of competitiveness due to not considering of supplier's bid submission date extension application. 2011-2012	প্রমানকসহ ২০-০৮-২০১৩ তারিখে মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ঢাকা বরাবর জবাব প্রদান করা হয়েছে। ১৭-৯-২০১৩ তারিখে তাগাদা পত্র দেয়া হয়েছে।	বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অধিদপ্তর হতে কোন প্রকার নিষ্পত্তিমূলক পত্র পাওয়া যায় নি বলে জানা যায়।	অনিষ্পন্ন
২।	Auditable documents amounting to Tk. 2,45,00,000.00 not submitted to audit. 2013-2014	৯০ পাতা প্রমানকসহ ১৮-০৬-২০১৫ তারিখে মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ঢাকা বরাবর জবাব প্রদান করা হয়েছে।	বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অধিদপ্তর হতে কোন প্রকার নিষ্পত্তিমূলক পত্র পাওয়া যায় নি বলে জানা যায়।	অনিষ্পন্ন
৩।	Loss of Government revenue due to non realization of VAT. 2014-2015	প্রমানকসহ ২৪-৭-২০১৬ তারিখে মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, ঢাকা বরাবর জবাব প্রদান করা হয়েছে।	বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অধিদপ্তর হতে কোন প্রকার নিষ্পত্তিমূলক পত্র পাওয়া যায় নি বলে জানা যায়।	অনিষ্পন্ন

উপরোক্ত ছক হতে দেখা যায় যে , প্রকল্পটির অনুকূলে ৩টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে এবং ৩টি অডিট আপত্তিই অনিষ্পন্ন অবস্থায় আছে।

১৬। স্পেয়ার্সপার্টস সম্পর্কিত তথ্যাদি:

চুক্তিপত্রের শর্তানুসারে ০২ আইটেম ক্যাপিটাল এন্ড ইউনিট এক্সচেঞ্জ স্পেয়ার, ০২ আইটেম কনজুমেবল এন্ড মেইনটেন্যান্স স্পেয়ার, ০৭ আইটেম টুলস্ এন্ড মেশিনারি লোকোমোটিভের সাথেই গ্রহণ করা হয়েছে। লোকোমোটিভসমূহ এবং উহার স্পেয়ার্স পার্টস এর Destination কেন্দ্রীয় লোকোমোটিভ কারখানা (কেলোকা), পার্বতীপুর বিধায় কেন্দ্রীয় লোকোমোটিভ কারখানায় স্পেয়ার্স পার্টসসমূহ স্টক, তালিকাভুক্তি, বিতরণের কাজ সম্পন্ন হয়ে থাকে এবং স্পেয়ার্স পার্টস এ্যান্ড পূর্বক প্রয়োজন সা পেক্ষে রেকর্ডভুক্ত করে ব্যবহার করা হচ্ছে বলে জানা যায়।

১৭। প্রশিক্ষণ সম্পর্কিত তথ্যাদি:

চুক্তিপত্রের শর্তানুযায়ী বাংলাদেশ রেলওয়ের নিম্নোক্ত ০৬ জন প্রকৌশলী ০২ মাস করে মোট ১২ জন-মাস প্রশিক্ষণ গ্রহণ করেছে।

ক্রমিক নং	কর্মকর্তার নাম	কোন তারিখে ও মেয়াদে কোথায়/কোনদেশে প্রশিক্ষণে গিয়েছেন	বর্তমান কর্মরত স্থান
১	২	৩	৪
১.	জনাব মোস্তাফিজুর রহমান ভূঞা		সিনিয়র পরিকল্পনা কর্মকর্তা, রেলভবন, ঢাকা।
২.	জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম	২৯-১০-২০১৩ হতে ২৮-১২- ২০১৩ পর্যন্ত রাইটস্	বিভাগীয় যন্ত্র প্রকৌশলী (লোকো), চট্টগ্রাম।
৩.	জনাব মোঃ আবুল কাশেম	লিমিটেড ইন্ডিয়ায় প্রশিক্ষণ গ্রহণ করেন।	সহকারী প্রশাসনিক কর্মকর্তা, জিআইবিআর দপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৪.	জনাব খায়রুল ইসলাম আহমেদ		এসএসএই(মেরিন), তিস্তামুখঘাট। তিনি গত ২৬-০১-২০১৭খ্রি. তারিখ চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করেছেন।
৫.	জনাব মোঃ আবুবকর সিদ্দিক		এসএসএই (এফআই), লালমনিরহাট।
৬.	জনাব মোঃ হামিদুর রহমান		এসএইএই (ইলেক), কেন্দ্রীয় লোকোমোটিভ কারখানা, পার্বতীপুর।

### ১৮। আইএমইডি'র মতামত/সুপারিশ:

- ১৮.১ ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সময়ক্ষেপন পরিহার করার লক্ষ্যে প্রকল্পের প্রাক্কলন যথাযথভাবে প্রণয়ন করতে হবে এবং এডিপিতে বছরওয়ারী অর্থ প্রাপ্তি, প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা, ইত্যাদি বিবেচনায় এনে ডিপিপি'র বছরওয়ারী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে;
- ১৮.২ ভবিষ্যতে অনুমোদিত মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবায়নের কাজ সম্পন্ন করতে বাংলাদেশ রেলওয়েকে সচেষ্ট হতে হবে;
- ১৮.৩ লোকোমোটিভ মেরামত/সার্ভিসিং সংক্রান্ত বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন সিডিউল ('সি' সিডিউল, 'এফ' সিডিউল এবং অন্যান্য সিডিউল) মোতাবেক লোকোমোটিভসমূহের মেরামত/সার্ভিসিং/চেকিং সংক্রান্ত তদারকী জোরদার করতে হবে;
- ১৮.৪ লোকোমোটিভ নং ৬৫১৩ এবং ৬৫১৪ যথাক্রমে গত ১২-০৭-২০১৭ তারিখ এবং ২৪-০৭-১৭ তারিখে পার্বতীপুর রেলওয়ে ওয়ার্কশপে মেরামতের অপেক্ষায় আছে। রেলওয়ে ওয়ার্কশপে মেরামত শেষে ১০ দিন পর ট্রেন সার্ভিসে চলাচল করার কথা থাকলেও পরিদর্শনকালীন সময়ে ট্রেন সার্ভিসে চলাচলরত অবস্থায় দেখা যায়নি। এ বিলম্বের বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করতে হবে;
- ১৮.৫ লোকোমোটিভ নং ৬৫২৫ এর দুর্ঘটনা সম্পর্কিত বিষয়ে একটি প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করতে হবে;
- ১৮.৬ লোকোমোটিভসমূহের যাবতীয় সার্ভিসিং/মেরামত/রক্ষণাবেক্ষণ কাজ সম্পর্কে বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষকে অধিক তৎপর/যত্নবান হতে হবে এবং লোকোমোটিভগুলো যাতে ট্রেন সার্ভিসে নির্বিঘ্নে চলাচল করতে পারে সে বিষয়ে তদারকী জোরদার করতে হবে;
- ১৮.৭ ক্রয়কৃত লোকোমোটিভসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য বাংলাদেশ রেলওয়ে কর্তৃক একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা সমীচীন হবে; এবং
- ১৮.৮ উপরের অনুষঙ্গে ১৮.১ হতে ১৮.৭ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে রেলপথ মন্ত্রণালয় আগামী ১(এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

১১টি মিটারগেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ সংগ্রহ (১ম সংশোধিত)

-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

- ০১। প্রকল্পের নাম : বাংলাদেশ রেলওয়ের ‘১১টি মিটারগেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভ সংগ্রহ (১ম সংশোধিত)’।
- ০২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেলওয়ে।
- ০৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : রেলপথ মন্ত্রণালয়।
- ০৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রকল্প সাহায্য)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রকল্প সাহায্য)	সর্বশেষ সংশোধিত (প্রকল্প সাহায্য)		মূল	সর্বশেষ সংশোধিত			
৩০০৩৫.৭৮ (২১১৫০.৮৫)	৪৮০৭৩.১৫ (৩১২১১.৩৪)	৪০১৫২.৪২ (৩৩৫৩৭.২৮)	০১-০৭-২০০৭ হতে ৩০-০৬-২০১২	০১-০৭-২০০৭ হতে ৩০-০৬-২০১৬	০১-০৭-২০০৭ হতে ৩০-০৬-২০১৬	১০১১৬.৬৪ ৩৩.৬৮%	৪ বছর ৮০.০০%

০৫। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুসারে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
<b>(A) Revenue component:</b>						
১.	Pay of Officers	5 years	65.93		61.85	100%
২.	Pay of Establishment	5 years	49.25		12.05	100%
৩.	Allowances	5 years	87.15		56.94	100%
৪.	Supply and Services (LC Charge, Inspection, Landing & Port Charge, Clearance, Transportation, Office Station- ery, T.A., Uniform, Adver- tisement, etc	L.S	1268.22		492.21	100%
Sub-Total (A) =			1470.55		623.05	100%
<b>(B) Capital component:</b>						
৫.	(a) Procurement of Meter Gauge (MG) Diesel Electric (DE) Locomotives including Spare Parts and	11 nos.	32874.58	11 nos. MG DE Loco- motive	31211.34	100%
	(b) Foreign Training,	Man- months		16 Man- months		
	(c) Engineering Services etc	Man- months		6 Man- months		
৬.	Office Equipment & Furni- ture.	L.S	30.00	L.S	13.77	100%

ক্রমিক নং	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
৭.	Imported Custom Duty and VAT	L.S	13015.33	L.S	8304.27	100%
৮.	Commissioning & Deprocess- ing	L.S	20.00	L.S	0.00	-
Sub-Total (B):			45939.91	Sub-Total	39529.38	-
(C)	Physical Contingency 0%		0.00	-	0.00	-
(D)	Price Contingency 2% (Cost Escalation)		662.70	-	0.00	-
Grand total: (A+B+C+D)			48073.15		40152.42	

#### ০৬। কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণঃ

প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন হয়েছে। অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজ সমাপ্ত হয়েছে।

#### ০৭। সাধারণ পর্যবেক্ষণঃ

##### ৭.১। প্রকল্পের পটভূমিঃ

“ঢাকা-চট্টগ্রাম রেলপথ উন্নয়ন” -শীর্ষক প্রকল্পের আওতায় বাংলাদেশ রেলওয়ের ঢাকা-চট্টগ্রাম মিটার গেজ সেকশনের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নিরীখে SAFROF Report এর সুপারিশ অনুসারে উক্ত সেকশনে অতিরিক্ত লোকোমোটিভের প্রয়োজন হবে বিধায় নতুনভাবে ১১টি মিটার গেজ লোকোমোটিভ সংগ্রহ করার পরিকল্পনা গ্রহণ করা হয়। বাংলাদেশ রেলওয়েতে ২৭৫ টি লোকোমোটিভ চালু রয়েছে। এর মধ্যে ব্রড গেজ লোকোমোটিভের সংখ্যা ৯৪টি এবং মিটার গেজ লোকোমোটিভের সংখ্যা ১৮১টি। লোকোমোটিভের স্বাভাবিক আয়ুষ্কাল (Economic life) ৩০ বৎসর। ১১টি এমজি লোকোমোটিভ আমদানীর পূর্বে ব্রড গেজের ৭৫টি এবং মিটার গেজের ১৫৮টি লোকোমোটিভের স্বাভাবিক আয়ুষ্কাল অতিক্রান্ত হয়েছে। পুরাতন এ সমস্ত লোকোমোটিভের নির্ভরতা খুবই কম এবং রক্ষণাবেক্ষণ ব্যয় ও জ্বালানী খরচ অত্যধিক বেড়ে গিয়েছিল। আলোচ্য নতুন ১১টি এমজি লোকোমোটিভ সংগ্রহের ফলে ট্রেন পরিচালনায় গতিশীলতা ফিরে পেয়েছে এবং আমন্ত্রণনগর ট্রেন পরিচালনা ও মালামাল পরিবহণের ক্ষেত্রে উন্নয়ন সাধিত হয়েছে। বাজেট স্বল্পতা ও বাস্তব অভিজ্ঞতা থেকে লক্ষণীয় যে, ৩০ বছর সার্ভিসের পরই লোকোমোটিভ প্রতিস্থাপনের প্রয়োজন পড়ে। এ বিবেচনায় ৪০ বছরের অধিক সার্ভিসে থাকা ৬৬টি মিটার গেজ লোকোমোটিভের জরুরী প্রতিস্থাপন প্রয়োজন দেখা দেয়। সে প্রেক্ষিতে SAFROF Report এর সুপারিশ অনুসারে JICA Loan এর আওতায় ১১টি এমজি ডিই লোকোমোটিভ সংগ্রহের প্রকল্পটি গ্রহণ করা হয়।

##### ৭.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- বাংলাদেশ রেলওয়ের জন্য ১১টি নতুন লোকোমোটিভ সংগ্রহ পূর্বক পুরাতন আয়ুষ্কাল ( Economic life) অতিক্রান্ত লোকোমোটিভ সমূহ প্রতিস্থাপন।
- নিরাপদ ও নির্ভরযোগ্য ট্রেন পরিচালনা নিশ্চিতকরণ।
- মিটার গেজ সেকশনে যাত্রীবাহী ও মালবাহী ট্রেনের চাহিদা পূরণ এবং ট্রেনের গতি বৃদ্ধি করা।
- রাজস্ব আয় বৃদ্ধি করা।

##### ৭.৩। প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ

“ঢাকা-চট্টগ্রাম রেলপথ উন্নয়ন” প্রকল্পের আওতায় ১১টি এমজি লোকোমোটিভ সংগ্রহের লক্ষ্যে Japan Bank for International Cooperation (JBIC) এর সাথে গত ০৩-০৬-২০০৭ ইং তারিখে Memorandum of Understanding (MOU) এবং ৩১-১২-২০০৭ ইং তারিখে Loan Agreement স্বাক্ষরিত হয়। এর পরিপ্রেক্ষিতে আলোচ্য উপ-প্রকল্পটি মোট ৩০০৩৫.৭৮ লক্ষ টাকা (জিওবি- ৮৮৭৫.৯৩ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য- ২১১৫ ০.৮৫ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১২ মেয়াদে গত ৩১-১২-২০০৭ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে সর্বনিম্ন দরদাতার উদ্বৃত্ত মূল্য প্রাক্কলিত মূল্য অপেক্ষা বেশী হওয়ায় আলোচ্য ১১টি এমজি ডিই লোকোমোটিভ সংগ্রহ (১ম সংশোধিত) প্রকল্পটি

৪৮০৭৩.১৫ লক্ষ টাকা (জিওবি- ১৪৫৩৫.৮৭ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য- ৩৩৫৩৭.২৮ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১৬ মেয়াদে গত ১৯-০৬-২০১২ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়।

#### ৭.৪। দরপত্র আহ্বান সম্পর্কিত তথ্যাদিঃ

২০-১২-২০০৯ তারিখে Final Tender Documents অনুমোদনের জন্য JICA বরাবর প্রেরণ করা হয়। উল্লিখিত Tender Documents ওপর ২১-০৪-২০১০ তারিখে JICA হতে Concurrence পাওয়া যায়। সে মোতাবেক ১ম দফায় ২২-০৪-২০১০ তারিখে দরপত্র আহ্বান করা হয়, যা ২৩-০৬-২০১০ তারিখে খোলা হয়। ১ম দফায় ১১ (এগার)টি প্রতিষ্ঠান দরপত্র দলিল ক্রয় করে। উক্ত ১১টি প্রতিষ্ঠানের মধ্য হতে নিম্নবর্ণিত ০৪টি প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করেঃ

১ম দফা আহ্বানকৃত দরপত্রে অংশগ্রহণ-কারী প্রতিষ্ঠানসমূহঃ	(i) Marubeni Corporation, 4-2, Ohtemachi I-Chome, Chiyoda-Ku, Tokyo, Japan. (ii) CSR ZIYANG-CMC CONSORTIUMCSR. (iii)China Railway Materials Import & Export Co. Ltd. (iv) CSR Qishuyan Locomotive Co. LTD.
--------------------------------------------------------	---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

Technical Sub-Committee (TSC) এর প্রতিবেদনের ভিত্তিতে Tender Evaluation Committee (TEC) আহ্বানকৃত দরপত্রের বিপরীতে দাখিলকৃত সকল Technical Offer নন-রেস্পনসিভ হিসেবে গণ্য করে Re-Tender এর সুপারিশ করেন। উল্লেখ্য যে, ৩(তিন) সদস্য বিশিষ্ট TSC তে MOU এর শর্তানুসারে JICA এর ১(এক) জন প্রতিনিধি ছিলেন। TEC এর সুপারিশের প্রেক্ষিতে JICA এর মতামতের ভিত্তিতে Tender Documents সংশোধন করতঃ ০৭-০২-২০১১ তারিখে Concurrence এর জন্য JICA বরাবর প্রেরণ করা হয়। উক্ত সংশোধিত Tender Documents এর ওপর ০৭-০৩-২০১১ তারিখে JICA হতে Concurrence পাওয়া যায়। সে মোতাবেক ২য় দফায় ০৯-০৩-২০১১ তারিখে পুনঃদরপত্র আহ্বান করা হয়, যা ০৪-০৫-২০১১ তারিখে খোলা হয়। ২য় দফায় ০৯(নয়)টি প্রতিষ্ঠান দরপত্র দলিল ক্রয় করে। উক্ত ০৯টি প্রতিষ্ঠানের মধ্য হতে নিম্নবর্ণিত ০২টি প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করেঃ

২য় দফা আহ্বানকৃত দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহঃ	(i) CSR Qishuyan Co., Ltd, No.358 Yanling East Road, Changzhou City, Jiangsu Province, Peoples Republic of China. (ii) Marubeni Corporation, 4-2, Ohtemachi I-Chome, Chiyoda-Ku, Tokyo, Japan.
--------------------------------------------------------	---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

প্রতিষ্ঠান ২টির মধ্যে CSR Qishuyan Co., Ltd, No.358 Yanling East Road, Changzhou City, Jiangsu Province, Peoples Republic of China নন-রেস্পনসিভ হওয়ায় মের্সাস Marubeni Corporation, 4-2, Ohtemachi I-Chome, Chiyoda-Ku, Tokyo, Japan এর অনুকূলে কার্যাদেশ জারী করা হয়।

#### ৭.৫ নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে Technical Sub-Committee (TSC) গঠিত হয়ঃ

- ১। পরিচালক/এসএন্ডপি, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা-আহবায়ক।
- ২। পরিচালক/মেকানিক্যাল, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা- সদস্য।
- ৩। JICA এর মনোনীত Consultant- সদস্য।

#### ৭.৬ নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে Tender Evaluation Committee (TEC) গঠিত হয়ঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক/আই, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা- চেয়ারম্যান।
- ২। জনাব মোঃ তফাজ্জল আলী, অতি: প্রধান প্রকৌশলী, বাপাউবো, ঢাকা-সদস্য।
- ৩। জনাব ডঃ হাসিব মোহাম্মদ আহসান, অধ্যাপক, পুরকৌশল বিভাগ, বুয়েট, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক/অর্থ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা-সদস্য।
- ৫। অতিরিক্ত মহাপরিচালক/আরএস, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা- সদস্য।
- ৬। মহাব্যবস্থাপক/ঢাকা-চট্টগ্রাম রেলপথ উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা-সদস্য।

৭। প্রকল্প পরিচালক ও যুগ্ম-মহাপরিচালক/মেকঃ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা-সদস্য।

**০৮। ক্রয় সংক্রামত তথ্যাদিঃ**

Goods Package: অনুমোদিত সংশোধিত ডিপিপি'তে প্রকল্পের ক্রয় কার্য সম্পাদনের জন্য ১টি মাত্র Goods Package ছিল। উক্ত প্যাকেজের জন্য সংশোধিত ডিপিপি'তে ৩২৮৭৪.৫৮ লক্ষ টাকার সংস্থান ছিল। এ প্যাকেজের অনুমোদনকারী কর্তৃপক্ষ সিসিজিপি। ২য় দফায় আহবানকৃত দরপত্রের ওপর TEC এর চূড়ান্ত প্রতিবেদনের ওপর গত ০১-০৮-২০১১ তারিখে JICA হতে Concurrence পাওয়া যায়। পরবর্তীতে উল্লিখিত TEC এর চূড়ান্ত প্রতিবেদন সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (CCGP) কর্তৃক ১৯-০৯-২০১১ তারিখে অনুমোদিত হয়। উল্লিখিত অনুমোদনের প্রেক্ষিতে ১৩-১০-২০১১ তারিখে Marubeni Corporation, Japan এবং বাংলাদেশ রেলওয়ের মধ্যে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। প্রকল্পের বিপরীতে সম্পাদিত Contract Agreement No. MECH/11 MG LOCO/JBIC/ BD-P56 Dated 13<sup>th</sup> October, 2011 আওতায় নিমণবর্ণিত আইটেম সমূহ সংগ্রহ করা হয়ঃ

Sl. No.	Description	Quantity	Unit Price (In USD)	Total Price (in USD)
1	Supply & Commissioning of Meter Gauge Locomotives as per specification	11	3,513,890.00	38,652,790.00
2	Supply of spare parts i) Complete Diesel Engine.	01	786,180.00	786,180.00
3	Supply of drawing & instruction books		11,026.00	121,290.00
4	Service of Service Engineer	6 M-M	49,900.00	182,966.67
5	Overseas Training	16 M-M	38,500.00	225,866.66
<b>Total Contract Price:</b>				<b>39,969,093.33</b>

৯। (ক) ডিপিপি বরাদ্দ ও অগ্রগতি: প্রকল্পের পিসিআর অনুযায়ী আলোচ্য প্রকল্পের অর্থ বরাদ্দ ও লক্ষ্যমাত্রা নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা				অর্থবছর	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষ্যমাত্রা (%)		মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষ্যমাত্রা (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০০৭-০৮	২২.১৮	২২.১৮	০.০০	০.০৭%	২০০৭-০৮	--	--	--	--
২০০৮-০৯	১৩৯৬.৪০	৫৫০.০০	৮৪৬.৪০	৪.৬৫%	২০০৮-০৯	০.১৫	০.১৫	০.০০	০.০০%
২০০৯-১০	২৬০০.৮৬	৬৯১.৫৩	১৯০৯.৩৩	৮.৬৬%	২০০৯-১০	৮.৫৮	৮.৫৮	০.০০	০.০২%
২০১০-১১	২৫৭২০.০০	৭৩৭৭.৫২	১৮৩৪২.৪৮	৮৫.৬৩%	২০১০-১১	২৯.১৫	২৯.১৫	০.০০	০.০৬%
২০১১-১২	২৯৬.৩২	২৩৪.৬৯	৬১.৬৩	০.৯৯%	২০১১-১২	৫১৮৮.৩৬	৩৮৮.৩৬	৪৮০০.০০	১০.৭৯%
					২০১২-১৩	৩৩০.১৫	১৪৪.৩৮	১৮৫.৭৮	০.৬৯%
					২০১৩-১৪	৪২২৪১.৪৬	১৩৭৯০.৭৮	২৮৪৫০.৬৭	৮৭.৮৭%
					২০১৪-১৫	১৮৮.৫৪	১৩৮.৮৮	৪৯.৬৬	০.৩৯%
					২০১৫-১৬	৮৬.৭৫	৩৫.৫৯	৫১.১৭	০.১৮%
মোটঃ	৩০০৩৫.৭৮	৮৮৭৫.৯৩	২১১৫৯.৮৫	১০০.০০%	মোটঃ	৪৮০৭৩.১৫	১৪৫৩৫.৮৭	৩৩৫৩৭.২৮	১০০.০০%

**৯। (খ) এডিপি/সংশোধিত এডিপি বরাদ্দ ও অগ্রগতিঃ**

প্রকল্পের বিপরীতে পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ, অবমুক্ত এবং ব্যয় নিমণরূপঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				টাকা অবমুক্তি	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব লক্ষ্যমাত্রা (%)		মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব অগ্রগতি (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০০৭-০৮	১০.০০	১০.০০	০.০০	০.০২%		০.০০	০.০০	০.০০	০.০০%
২০০৮-০৯	৬.০০	৬.০০	০.০০	০.০১%		০.১৫	০.১৫	০.০০	০.০০%
২০০৯-১০	১৩.০০	১৩.০০	০.০০	০.০৩%		৮.৫৮	৮.৫৮	০.০০	০.০২%
২০১০-১১	২০৬১.০০	৩০.০০	২০৩১.০০	৪.৮৪%		২৯.১৫	২৯.১৫	০.০০	০.০৭%
২০১১-১২	৫১০০.০০	৩০০.০০	৪৮০০.০০	১১.৯৮%		৪৮২৩.৬৯	২৯৬.০২	৪৫২৭.৬৭	১২.০১%
২০১২-১৩	১৬০.০০	৩০.০০	১৩০.০০	০.৩৮%		১৫২.২২	২৮.২৬	১২৩.৯৬	০.৩৮%
২০১৩-১৪	৩৫০৩৪.০০	৮৫৩৪.০০	২৬৫০০.০	৮২.২৮%		৩৪৯৫০.০৮	৮৫৩৪.০০	২৬৪১৬.০৮	৮৭.০৪%
২০১৪-১৫	৯৮.০০	২৬.০০	৭২.০০	০.২৩%		২৫.২৪	২৫.২৪	* ০.০০	০.০৬%
২০১৫-১৬	৯৭.০০	২২.০০	৭৫.০০	০.২৩%		১৬৩.৩১	১৯.৬৮	১৪৩.৬৩	০.৪১%
মোটঃ	৪২৫৭৯	৮৯৭১	৩৩৬০৮	১০০.০০%		৪০১৫২.৪২	৮৯৪১.০৮	৩১২১১.৩৪	১০০.০০%

**১০। অন্যান্য যন্ত্রপাতি/গাড়ি ক্রয়/স্থানঃ**

প্রকল্পের আওতায় গাড়ির সংস্থান ছিল না এবং অন্যান্য ক্রয়কৃত আসবাবপত্র এবং অফিস ইকুইপমেন্ট বাংলাদেশ রেলওয়ের রাজস্ব খাতে হস্তান্তর করা হয়েছে বলে জানা যায়।

**১১। প্রকল্পের উদ্দেশ্য এর অর্জনঃ**

প্রকল্পের উদ্দেশ্য নিম্নে বর্ণিত হলঃ

<ul style="list-style-type: none"> <li><input type="checkbox"/> বাংলাদেশ রেলওয়ের জন্য ১১টি নতুন লোকোমোটিভ সংগ্রহপূর্বক পুরাতন ও আয়ুষ্কাল অতিক্রমস্থ লোকোমোটিভ সমূহ প্রতিস্থাপন।</li> <li><input type="checkbox"/> নিরাপদ ও নির্ভরযোগ্য ট্রেন পরিচালনা নিশ্চিতকরণ।</li> <li><input type="checkbox"/> মিটার গেজ সেকশনে যাত্রীবাহী ও মালবাহী ট্রেনের চাহিদা পূরণ এবং ট্রেনের গতি বৃদ্ধি করা।</li> <li><input type="checkbox"/> রাজস্ব আয় বৃদ্ধি করা।</li> </ul>	<p>প্রকল্পটি সমাপ্তির পর মিটারগেজ সেকশনে লোকোমোটিভ প্রাপ্যতা বৃদ্ধি পেয়েছে। এর ফলে নিরাপদ, গতিময় এবং আরামদায়ক ট্রেন চলাচল নিশ্চিত হয়েছে এবং মিটার গেজ সেকশনে ক্রমবর্ধমান যাত্রী ও মালামাল পরিবহনের চাহিদা পূরণে সক্ষম হয়েছে।</p>
-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

**১২। প্রকল্পের উদ্দেশ্য ফর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

**১৩। পরিদর্শন ও পর্যবেক্ষণঃ**

প্রকল্পটি আইএমইডি'র সহকারী পরিচালক (রেল) মো: সুলতান আহমেদ কর্তৃক গত ২৮-২৯ জুলাই, ০২-০৩ আগস্ট এবং ১২ আগস্ট ২০১৭ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকের প্রতিনিধি হিসেবে যথাক্রমে পরিচালক (লোকো) রেলভবন, ডিভিশনাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (ডি এম ই) চট্টগ্রাম এবং রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনা, প্রকল্প তথ্য বিশ্লেষণ এবং পিসিআর এর তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১৩.১। বাংলাদেশ রেলওয়ের জন্য ক্রয়কৃত ১১টি নতুন এমজি লোকোমোটিভ এর মধ্যে ১০ টি লোকোমোটিভ বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলীয় মিটার গেজ লাইনে এবং ১টি লোকোমোটিভ লালমনিরহাট-পঞ্চগড়-দিনাজপুর মিটার গেজ লাইনে

চলাচল করছে বলে জানা যায়। সরেজমিন প্রকল্প পরিদর্শনকালীন সময়ে বাংলাদেশ রেলওয়ের জন্য ক্রয়কৃত ১১টি নতুন এমজি লোকোমোটিভ এর মধ্যে ০৭টি লোকোমোটিভ নং ২৯২৯,২৯৩০,২৯৩১,২৯৩২,২৯৩৫,২৯৩৬ ও ২৯৩৯ বাংলাদেশ রেলওয়ের সমগ্র মিটারগেজ লাইনে চলাচল করছে বলে প্রত্যক্ষভাবে দেখা যায় যে এবং অবশিষ্ট ৩টি লোকোমোটিভ নং ২৯৩৪, ২৯৩৭ ও ২৯৩৮ রেলওয়ের সমগ্র মিটারগেজ লাইনে চলাচল করছে বলে প্রকল্প পরিচালক সূত্রে জানা যায়। লোকোমোটিভ নং ২৯৩৩ গত ০৭-১০-২০১৬ তারিখে হবিগঞ্জের নোয়াপাড়া য় দুর্ঘটনা কবলিত হয়ে বর্তমানে ঢাকার কমলাপুর লোকোশেডে পড়ে আছে বলে সরেজমিন পরিদর্শনকালে দেখতে পাওয়া যায়।

**১৩.২ ১১টি মিটারগেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভসম্পর্কিত তথ্যাদিঃ**

ক্রমিক নং	লোকোমোটিভ নং	ইন্জিনের সিরিয়াল নং	মডেল নং	মন্তব্য
১।	২৯২৯	12-KI-1027	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে
২।	২৯৩০	12-k1-1029	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে
৩।	২৯৩১	12-JI-1006	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে
৪।	২৯৩২	12-JI-1007	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে
৫।	২৯৩৩	পুড়ে যাওয়ায় সিরিয়াল নং বুঝা যায়নি	পুড়ে যাওয়ায় মডেল নং বুঝা যায়নি	দুর্ঘটনা কবলিত। বর্তমানে চলাচলের অনুপযোগী এবং ঢাকার কমলাপুর লোকোশেডে পড়ে আছে।
৬।	২৯৩৪	12-H1-1033	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে
৭।	২৯৩৫	12-JI-1024	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে
৮।	২৯৩৬	12-JI-1013	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে
৯।	২৯৩৭	12-k1-1049	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে
১০।	২৯৩৮	12-L1-1014	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে
১১।	২৯৩৯	12-MI-1000	8-615E3bc	ট্রেন সার্ভিসে চলাচল করছে

**১৩.৩ ১১টি এমজি ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভসংগ্রহ, ট্রাফিকে হস্তান্তরের তারিখ এবং বর্তমান অবস্থাঃ**

ক্রমিক নং/ লোকোমোটিভ নং	সংগ্রহের তারিখ	কোন দেশ হতে সংগ্রহ করা হয়েছে	ট্রাফিকে হস্তান্তরের তারিখ	বর্তমানে কোন ট্রেন সার্ভিসে/লাইনে চলাচল করছে
২৯২৯	জুলাই, ২০১৩	দক্ষিণ কোরিয়া	৩০-০৭-২০১৩	লোকোমোটিভ নং ২৯৩৩ ব্যতীত অন্যান্য সকল লোকোমোটিভ (১০টি) বাংলাদেশ রেলওয়ের সমগ্র মিটার গেজ সেকশনে চলাচল করছে।
২৯৩০			৩০-০৭-২০১৩	
২৯৩১			০৫-০৮-২০১৩	
২৯৩২			০৬-০৮-২০১৩	
২৯৩৩	আগস্ট, ২০১৩	দক্ষিণ কোরিয়া	২৩-০৯-২০১৩	
২৯৩৪			২৩-০৯-২০১৩	
২৯৩৫			২৮-০৯-২০১৩	
২৯৩৬			২৩-০৯-২০১৩	
২৯৩৭	সেপ্টেম্বর, ২০১৩	দক্ষিণ কোরিয়া	১৩-১০-২০১৩	
২৯৩৮			১০-১০-২০১৩	
২৯৩৯			১২-১০-২০১৩	

১৩.৪ পরিদর্শনকালে গৃহীত চলাচলকৃত মিটারগেজ ডিজেল ইলেকট্রিক লোকোমোটিভসমূহের ছবি:

	
<p>ছবি: লোকোমোটিভ নং ২৯২৯</p>	<p>ছবি: লোকোমোটিভ নং ২৯৩০</p>
	
<p>ছবি: লোকোমোটিভ নং ২৯৩৫</p>	<p>ছবি: লোকোমোটিভ নং ২৯৩১</p>
	
<p>ছবি: লোকোমোটিভ নং ২৯৩৬</p>	<p>ছবি: লোকোমোটিভ নং ২৯৩২</p>

১৩.৫ প্রতিটি লোকোমোটিভ এর ইন্জিনের গায়ে পৃথক প্লেটে ELECTRO MOTIVE খচিত পৃথক পৃথক সিরিয়াল নম্বর এবং মডেল নম্বর রয়েছে বলে সরে জমিনে দেখতে পাওয়া যায়। লোকোমোটিভ এর সিরিয়াল নম্বর পৃথক পৃথক হলেও মডেল নম্বর একই বলে দেখা যায়। এছাড়া প্রতিটি লোকোমোটিভ এর গায়ে এম আই আই ১৫ লেখা রয়েছে বলে সরেজমিন পরিদর্শনকালে দেখতে পাওয়া যায়।



ছবি: লোকোমোটিভ এর ইন্জিনের গায়ে পৃথক প্লেটে ELECTRO MOTIVE খচিত সিরিয়াল নম্বর এবং মডেল নম্বর।

১৩.৬। দুর্ঘটনা কবলিত লোকোমোটিভ নং ২৯৩৩ সম্পর্কিত তথ্যাদি:

লোকোমোটিভ নং ২৯৩৩ গত গত ০৭-১০-২০১৬ তারিখে সিলেটের হবিগঞ্জের নোয়াপাড়া নামক স্থানে আনুমানিক সকাল ৯.৪০ ঘটিকার সময় দুর্ঘটনা কবলিত হয় বলে জানা যায়। দুর্ঘটনায় লোকোমোটিভটির সম্মুখভাগ পুড়ে গেছে বলে সরেজমিন পরিদর্শনকালে দেখা যায়। তবে পশ্চাদভাগ কিছুটা অক্ষত অবস্থায় আছে বলে দেখা যায়।

	
ছবি: লোকোমোটিভ নং ২৯৩৩ এর পশ্চাদভাগ।	ছবি: লোকোমোটিভ নং ২৯৩৩ এর সম্মুখভাগ।
	
ছবি: লোকোমোটিভ নং ২৯৩৩ এর সম্মুখভাগ।	ছবি: দুর্ঘটনা কবলিত লোকোমোটিভ নং ২৯৩৩ এর কিয়দংশ।

১৪। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ	কর্মকাল
১।	মোঃ খলিলুর রহমান যুগ্ম-মহাপরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	মূল পদের অতিরিক্ত হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন।	১৫-১২-২০০৮ থেকে ১২-১২-২০১০
২।	মোঃ হাইদুর রহমান যুগ্ম-মহাপরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	-এ-	১৩-১২-২০১০ থেকে ২৬-০২-২০১১
৩।	মোঃ শামছুজ্জামান যুগ্ম-মহাপরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	-এ-	২৭-০২-২০১১ থেকে ১৮-০৬-২০১৫
৪।	আবদুল মতিন চৌধুরী যুগ্ম-মহাপরিচালক (মেকানিক্যাল) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	-এ-	১৮-০৬-২০১৫ থেকে ৩০-০৬-২০১৬

১৫। অডিট সংক্রান্ত:

অডিট আপত্তি সম্পর্কিত তথ্যাদিঃ

ক্রমিক নং	আপত্তির শিরোনাম ও সন	জবাব প্রেরণের তারিখ	বর্তমান অবস্থা	মমত্বব্য
১।	<b>Para-01:</b> <b>Title:</b> Target not achieved as specified in the DPP.  <b>Year: 2009-2010.</b>	২৭-০৩-২০১১	আপত্তিটি ২৫-০৪-২০১১ তারিখে নিষ্পত্তি হয়েছে।	নিষ্পত্তিকৃত
২।	<b>Year: 2010-2011.</b>	-	-	Nil.
৩।	<b>Year: 2011-2012.</b>	-	-	Nil.
৪।	<b>Year: 2012-2013.</b>	-	-	Nil.
৫।	<b>Year: 2013-2014.</b>	-	-	Nil.
৬।	<b>Para: 01</b> <b>Title:</b> VAT & Tax on C&F Commission amounting to Tk.7,88,215.10 payment made from CD-VAT budget head beyond the condition of contract and this payment was not related with CD-VAT budget.  <b>Year: 2014-2015.</b>	২-০৮-২০১৬	আপত্তিটি ১৬-১০-২০১৬ তারিখে নিষ্পত্তি হয়েছে।	নিষ্পত্তিকৃত
৭।	<b>Memo: 01</b> <b>Title:</b> After completion of the project equipments value Tk. 13,67,103.00 were not handed over to the concern ministry.  <b>Year: 2015-2016.</b>	০৪-০৫-২০১৭	বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অধিদপ্তর ( FAPAD) হতে কোন প্রকার নিষ্পত্তিমূলক পত্র পাওয়া যায়নি।	অনিষ্পন্ন

উপরোক্ত ছক হতে দেখা যায় যে , প্রকল্পটির অনুকূলে ৩টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। এর মধ্যে ২টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে এবং ১টি অডিট আপত্তি অনিষ্পন্ন অবস্থায় আছে।

১৬। স্পেয়ার পাট স সম্পর্কিত তথ্যাদিঃ

চুক্তিপত্রের শর্তানুযায়ী স্পেয়ার পাটস হিসেবে ১টি Complete Diesel Engine সংগৃহীত হয়েছে বলে জানা যায়। তবে লোকোমোটিভ নং ২৯১৫ এর Diesel Engineটি ব্যবহার অনুপযোগী হওয়ায় আলোচ্য Complete Diesel Engineটি প্রায় ৬/৭ মাস পূর্বে লোকোমোটিভ নং ২৯১৫ তে সংযোজন করা হয়েছে বলে জানা গেছে।

১৭। প্রশিক্ষণ সম্পর্কিত তথ্যাদিঃ

কর্মকর্তাদের নাম, কোন তারিখে ও মেয়াদে কোথায় কোন দেশে প্রশিক্ষণে গিয়েছেন, বর্তমান কর্মস্থল ইত্যাদি নিম্নে বর্ণিত হলঃ

কর্মকর্তাদের নাম ও পদবী	তারিখ	প্রশিক্ষণের মেয়াদ	দেশের নাম	বর্তমান কর্মস্থল
সাদরুল হক-পিএস/	১৩-০৫-২০১৩	১৩-০৫-২০১৩	দক্ষিণকো	মহাপরিচালকের একান্ত সচিব,

কর্মকর্তাদের নাম ও পদবী	তারিখ	প্রশিক্ষণের মেয়াদ	দেশের নাম	বর্তমান কর্মস্থল
মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।		থেকে ০৫-০৭-২০১৩	রিয়া।	বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
শাহ সুফী নূর মোহাম্মদ- ওয়ার্কস ম্যানেজার।	-ঐ-	-ঐ-		প্রোডাকশন ইঞ্জিনিয়ার, সৈয়দপুর কারখানা, বাংলাদেশ রেলওয়ে, সৈয়দপুর।
মোঃ বজলুর রহমান- এসএসএই/মেকানিক্যাল।	-ঐ-	-ঐ-		এসএসএই/এলএম/ইনচার্জ, লোকোসেড, পাহাড়তলী, চট্টগ্রাম।
মোঃ মিজানুর রহমান খান- এসএসএই/মেকানিক্যাল।	-ঐ-	-ঐ-		এসএসএই/এলআই, লোকোসেড, ঢাকা।
মোঃ আবদুল মমিন-প্রশিক্ষণ কর্মকর্তা।	-ঐ-	-ঐ-		টিআরও/ডব্লিউ টি ইউ, পাহাড়তলী, চট্টগ্রাম।
মোঃ বদরুলদোজা- এসএসএই/মেকানিক্যাল।	-ঐ-	-ঐ-		এসএসএই/এম, লোকোসেড, পাহাড়তলী, চট্টগ্রাম।
মোঃ মনির উদ্দিন আহমদ- এসএসএই/ইলেকট্রিক্যাল।	-ঐ-	-ঐ-		এসএসএই/ইলেক/ইনচার্জ, ডিজেল ওয়ার্কসপ, পাহাড়তলী, চট্টগ্রাম।
মোঃ আবদুল গফুর- এসএসএই/ইলেকট্রিক্যাল।	-ঐ-	-ঐ-		এসএসএই/ইলেক/ইনচার্জ, ডিজেল ওয়ার্কসপ, পাহাড়তলী, চট্টগ্রাম।
	-ঐ-	-ঐ-		

#### ১৮। আইএমইডি'র মতামত/সুপারিশ:

- ১৮.১ ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় প্র কল্পের অনুকূলে এডিপিতে বছরওয়ারী অর্থ প্রাপ্তি , প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা , ইত্যাদি বিষয়বলী বিবেচনায় এনে ডিপিপি 'র বছরওয়ারী বাস্তবায়নে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে;
- ১৮.২ ভবিষ্যতে অনুমোদিত মেয়াদের মধ্যে প্রকল্প বাস্তবা যনের কাজ সম্পন্ন করতে বাংলাদেশ রেলওয়েকে সচেষ্ট হতে হবে;
- ১৮.৩ লোকোমোটিভ নং ২৯৩৩ এর দুর্ঘটনা সম্পর্কিত বিষয়ে গৃহীত কার্যক্রম আইএমইডিতে প্রেরণ করতে হবে;
- ১৮.৪ লোকোমোটিভ নং ২৯৩৩ গত ০৭-১০-২০১৬ তারিখে দুর্ঘটনা কবলিত হওয়ার পর দীর্ঘ প্রায় ১০ মাস অতিবাহিত হওয়ার পরও পরিদর্শনকালীন সময় পর্যন্ত ঢাকার কমলাপুর লোকোশেডে পড়ে আছে এবং মেরামত করা সম্ভব হয়নি। লোকোমোটিভটি কেন মেরামত করা হচ্ছেনা তার কারন অবহিত করা প্রয়োজন। এ ক্ষেত্রে কোন গাফিলতি হয়ে থাকলে তার জন্য দায়-দায়িত্ব চিহ্নিতকরে একটি প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করতে হবে;
- ১৮.৫ ইহা রোলিং ষ্টক সম্পর্কিত প্রকল্প। টেন্ডার ইভালুয়েশন কমিটির চেয়ারম্যান অতি :মহাপরিচালক, **Infrastruc-** **ture** কে করার পরিবর্তে অতি:মহাপরিচালক, রোলিং ষ্টককে কেন করা হয়নি তার কারণ জানা যেতে পারে;
- ১৮.৬ এমজি লোকোমোটিভসমূহের যাবতীয় সার্ভিসিং /মেরামত/রক্ষণাবেক্ষণ কাজ সম্পর্কে অধিক তৎপর /যত্নবান হতে হবে এবং লোকোমোটিভগুলো যাতে ট্রেন সার্ভিসে নির্বিঘ্নে চলাচল করতে পারে সে বিষয়ে তদারকী জোরদার করতে হবে;
- ১৮.৭ ক্রয়কৃত লোকোমোটিভসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য বাংলাদেশ রেলওয়ে কর্তৃক একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা সমীচীন হবে; এবং
- ১৮.৮ উপরের অনুষ্টেদ ১৮.১ হতে ১৮.৭ অনুযায়ী গৃহীত ব্যবস্থা সম্পর্কে রেলপথ মন্ত্রনালয় আগামী ১(এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে।

সৈয়দপুর রেলওয়ে কারখানা আধুনিকীকরণ (১ম সংশোধিত)

-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১। প্রকল্পের নাম:	:	সৈয়দপুর রেলওয়ে কারখানা আধুনিকীকরণ (১ম সংশোধিত)
২। বাস্তবায়নকারী সংস্থা:	:	বাংলাদেশ রেলওয়ে।
৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ:	:	রেলপথ মন্ত্রণালয়।
৪। প্রকল্পের অবস্থান	:	নীলফামারি জেলার সৈয়দপুর উপজেলা
৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় (লক্ষ টাকায়):		

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১২২২২.০০	১৫৬৯৯.৮৮	১৫৩২০.৮২	মার্চ, ২০০৯ থেকে জুন, ২০১২	মার্চ, ২০০৯ থেকে ডিসেম্বর, ২০১৫	মার্চ, ২০০৯ থেকে এপ্রিল, ২০১৭	৩০৯৮.৮২ লক্ষ (২৫.৩৫ %)	৪ বছর ১০ মাস (১৪৬%)

৬। **প্রশিক্ষণ:** প্রকল্পের আওতায় কোন স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান না থাকলেও সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ খরচে ১৪ জন কর্মকর্তাকে বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৭। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (লক্ষ টাকায়):

ক্রমিক নং	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	একক	অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন এপ্রিল ২০১৭ পর্যন্ত	
			আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
1.	Pay of Officers	-	27.00	-	30.13	-
2.	Pay of Establishment	-	10.00	-	6.82	-
3.	Allowances	-	28.00	-	32.89	-
4.	Supply and Services (Office Stationery, T.A., Honorarium & others, Advertisement, LC opening, Bank charge, Inspection, Survey fees, Insurance, Landing & Port Charge, Clearance etc	-	259.00 (50)	-	234.35 (29.43)	-
5.	Repair & Maintenance of office equipment	-	1.00	-	0.77	-
6.	Acquisition of Assets:					
	i) Mechanical plants and machinery	48	6294.13 (5969.26)	-	6357.68 (5844.95)	-
7.	ii) Electrical plants, machinery and works.	13	1471.60	-	1467.64	-
8.	Office Equipment & Furniture	L.S	6.00	-	0.00	-
9.	Civil Engineering works (Construction, rebuilding, rehabilitation and renewal of works)	-	4907.61	-	4889.94	-
10.	Development Import Duty and VAT	40%	2387.70	-	2300.00	-
11.	Physical and Price Contingency	4%	307.85	-	0.00	-
	<b>Total</b>	-	<b>15699.88</b>	-	<b>15320.82</b>	-

\*\* অনুমোদিত সংশোধিত ডিপিপি'র সংস্থানের তুলনায় Pay of Officers, Allowances, এবং Acquisition of Mechanical plants and machinery অংশে যথাক্রমে ৩.১৩ লক্ষ টাকা, ৪.৮৯ লক্ষ টাকা ও ৬৩.৫৫ লক্ষ টাকা অধিক ব্যয় করা হয়েছে।

৮। **কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ:** অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজ সমাপ্ত হয়েছে। তবে পেইন্ট এন্ড জিওএইচ সপ, ক্যারেজ হেভী রিপেয়ার সপ এবং ক্যারেজ এন্ড ওয়াগন হইল সপে প্রয়োজন থাকা সত্ত্বেও অনেক পূর্ত কাজ করা হয়নি।

৯। **সাধারণ পর্যবেক্ষণ:**

৯.১ **প্রকল্পের পটভূমি:**

১৮৭০ সালে প্রতিষ্ঠিত সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কশপের অতি পুরাতন অবকাঠামো ও জরাজীর্ণ যন্ত্রাংশ এবং মেশিনারিজ এর কারণে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কোচ, ওয়াগন, ফ্রেন এবং বয়লার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ ফলপ্রসূভাবে সম্পাদন করা সম্ভব হচ্ছে না। ফলে যাত্রী ও মালামাল পরিবহনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কোচ ও ওয়াগনে মেরামত করে সময়মত সরবরাহ করা যাচ্ছে না। ওয়ার্কশপটি আধুনিকায়ন করা হলে বাংলাদেশ রেলওয়ের ক্যারেজ এবং ওয়াগন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ দ্রুততর ও মানসম্পন্নভাবে করাসহ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পাবে। এই ওয়ার্কশপকে একটি কার্যকর এবং বিশেষ উৎপাদন ইউনিট হিসেবে তৈরী করা হলে রেলওয়ের প্রয়োজনীয় ও অধিকাংশ যন্ত্রাংশ এখানে তৈরী করা সম্ভব হবে। সে কারণে সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কশপ আধুনিকীকরণের জন্য জেডিসিএফ অর্থায়নে আলোচ্য প্রকল্পটি মোট ১২২.২২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০০৯ হতে জুন, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৮/০৪/২০০৯ তারিখে একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে গত ১২/০৭/২০১২ তারিখে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে রেলপথ মন্ত্রণালয় কর্তৃক জুন, ২০১২ হতে জুন, ২০১৩ পর্যন্ত ১ম বার ১ (এক) বছর বৃদ্ধি করা হয়।

প্রকল্পের ১ম সংশোধিত প্রাক্কলিত ব্যয় ১৭৬.৪১ কোটি টাকা, যা মূল অনুমোদিত ব্যয়ের তুলনায় ৫৪.১৯ কোটি টাকা (৪৪.৩৩%) বেশি। সংশোধিত প্রকল্পের বাস্তবায়নকাল ২ বছর বৃদ্ধিপূর্বক মার্চ ২০০৯ হতে জুন ২০১৫ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে।

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য:**

বাংলাদেশ রেলওয়ের বিজি ও এমজি কোচ এবং ওয়াগনের ক্রমবর্ধমান রিপেয়ার ও মেইনটেনেন্স চাহিদা পূরণের লক্ষ্যে ১৭টি সপ মেরামত/পুনর্বাসন, ৪৩টি মেকানিক্যাল ও ১৩টি ইলেকট্রিক্যাল প্লান্টস এন্ড মেশিনারিজ প্রতি স্থাপন এবং ১টি ওভারহেড পানির ট্যাংক নির্মাণপূর্বক কারখানার দক্ষতা ও উৎপাদন ক্ষমতা এবং গুনগতমান বৃদ্ধি করা।

৯.৩ **প্রকল্পের অনুমোদন ও সংশোধন:**

মূল প্রকল্পটি জেডিসিএফ অর্থায়নে মোট ১২২.২২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং মার্চ, ২০০৯ হতে জুন, ২০১২ পর্যন্ত মেয়াদে গত ২৮/০৪/২০০৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। বাস্তবায়ন পর্যায়ে মেশিন/প্ল্যান্ট-এর মূল্য বৃদ্ধি, আনুপাতিক হারে সিডি/ভ্যাট বৃদ্ধি, বৈদেশিক মুদ্রার বিনিময় হার বৃদ্ধি, বাস্তব প্রয়োজনে পূর্ত কাজের পরিমাণ ও ব্যয় বৃদ্ধি এবং বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পটির ১ম সংশোধন গত ০১/১০/২০১৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় ১৫৬৯৯.৮৮ লক্ষ টাকা এবং বাস্তবায়ন কাল মার্চ, ২০০৯ হতে জুন, ২০১৫ পর্যন্ত। প্রকল্পটি অর্থায়ন সম্পূর্ণ জিওবি (জেডিসিএফ) অর্থায়নে বাস্তবায়নের জন্য গৃহীত হয়। পরবর্তীতে আইএমডি'র সুপারিশক্রমে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি জুন, ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৯.৪ **ক্রয় সংক্রান্ত তথ্যাদি:**

প্রকল্পের ক্রয় কার্যক্রম ক্রয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	ক্রয়/মেরামত কার্যক্রম	দরপত্র প্রস্তাবের মূল্য		দরপত্র		কাজ সমাপ্তির তারিখ	
		প্রকল্প প্রস্তাব অনুযায়ী	মূল চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
১	২	৩	৪	৫	৬	৭	৮
GD 1	Procurement, Installation & Commissioning of 13 items Mechanical Plants & Machinery	1680.05	US\$ 19,00,008.00 BDT 189.38	10/07/2011 18/08/2011 30/03/2012	03/06/2012 & 28/06/2012	18 months & 15 months after receiving LC	05/04/2017
	Procurement, Installation & Commissioning of 30 items Mechanical Plants & Machinery	4614.08	US\$ 55,02,297.00 BDT 198.74	11/07/2012 24/09/2012 30/04/2013	21/11/2013	15 months & 12 Months after receiving LC	14/12/2015
GD 2	Supply, Installation & Commissioning of 11 items out of 13 item Electrical Materials & equipments	315.00	175.62	02/05/2011	18/10/2011	15 months From the date of signing contract	13/06/2012
	Supply, Installation & Commissioning of 01 item (Providing adequate facility for lifting & lowering of roof mounted package type AC unit from the top of AC coached including construction of shed) out of rest 02 items (Rest 02 items of 13 items) Electrical Materials & equipments.		62.36	21/06/2011	22/03/2012	15 months From the date of signing contract	13/06/2012
	Supply, Installation & Commissioning of rest 01 item out of 13 items Electrical Materials & equipments.		75.72	24/08/2011	14/03/2013	15 months From the date of signing contract	15/06/2013

**Procurement of Engineering Works:**

WD-1	Construction Renovation, Rehabilitation and Rebuilding of 18 nos of different shops Godown, Office, Hospital, Road, Water Tank, Boundary, Depot etc	4207.60	4207.69	15/09/2010 05/10/2010 25/10/2010	28/12/2010	30/06/2014	15/02/2014
WD-2	Complete/Casual track & sleeper Renewal of Saidpur Railway Workshop	700.01	699.99	06/12/2009 02/02/2010 26/05/2010	10/06/2010	30/06/2010	18/06/2013

**Procurement of Electrical Works:**

WD-1	Supply, Installation, Replacement of Electrical materials, Equipment and wiring & lifting works of different shops.	1155.60	1156.58	10/03/2010 19/04/2010 15/06/2010	15/06/2010	15/06/2012	10/06/2012
------	---------------------------------------------------------------------------------------------------------------------	---------	---------	----------------------------------------	------------	------------	------------

**১০। সংশোধিত আরডিপিপি বরাদ্দ ও অগ্রগতি:**

প্রকল্পের পিসিআর ও সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী আলোচ্য প্রকল্পের অনুকূলে বছরওয়ারী অর্থ বরাদ্দ, অবমুক্তি এবং ব্যয় নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত ডিপিপি বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				টাকা অবমুক্তি	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	বৈ:মু:	বাস্তব লক্ষ্যমাত্রা %		মোট	টাকা	বৈ:মু:	বাস্তব অগ্রগতি %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০০৮-২০০৯	০.০০	০.০০	০.০০		-	-	-	-	
২০০৯-২০১০	১৮১.৯০	১৮১.৯০	০.০০		৭৬৮.২৫	১৮১.০৩	১৮১.০৩	০.০০	১০০%
২০১০-২০১১	২৯৮২.০৩	২৭৭২.০৩	২১০.০০		৫১০০.০০	৩২২৭.৮১	৩২২৭.৮১	০.০০	
২০১১-২০১২	৩৫৪৫.৫৪	২১৩৫.৫৪	১৪১০.০০		৪১৫০.০০	৩৩৭০.১৬	১৮৫৯.৭৬	১৫১০.৪০	
২০১২-২০১৩	৭৯৩.৭৩	২৫৭.৯১	৫৩৫.৮২		২৪২৭.০০	২২৪০.৬২	২২৪০.৬২	০.০০	
২০১৩-২০১৪	৫৪৩৮.৫৯	২১৭৮.৪০	৩২৬০.১৯		২০৯০.০০	১৮০৩.৩৩	১৩৬৬.১৭	৪৩৭.১৬	
২০১৪-২০১৫	২৭৫৮.০৯	২০৩৪.৪৫	৭২৩.৬৪		৪৫৪০.০০	৩৯৯৮.১৫	৫০৬.১৬	৩৪৯১.৯৯	
২০১৫-২০১৬	-	-	-		৯৬.৫০	৪৯৯.৭২	৬৪.৪৯	৪৩৫.২৩	

প্রকল্পটির মূল বাস্তবায়নকাল ছিল ৩ বছর ৩ মাস। কিন্তু প্রকৃত বাস্তবায়ন সময় লেগেছে ৮ বছর ১ মাস। মূল ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী এডিপিতে বরাদ্দ প্রদান না করা, বার বার দরপত্র আহবান করেও রেসপনসিভ দরদাতা না পাওয়া, অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন কমিটির সুপারিশ অনুমোদন না করা এবং ঠিকাদার কর্তৃক মালামাল সরবরাহ ও স্থাপনে বিলম্বের কারণে প্রকল্পটি বাস্তবায়নে বিলম্ব হয়েছে।

#### ১১। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	দায়িত্বের ধরণ	কর্মকাল
১	২	৩	৪
১.	জনাব মোঃ মিজানুর রহমান (ডিএসডাব্লিউ/পাহাড়তলী ওয়ার্কসপ)	একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত।	০৩/০৬/২০০৯ হতে ১৭/০৯/২০১৩
২.	জনাব মোঃ হারুন-অর-রশীদ (সিএমই/উন্নয়ন)	একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত।	১৭/০৯/২০১৩ হতে ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত

১২। অন্যান্য যন্ত্রপাতি/গাড়ি ক্রয়/স্থান: প্রকল্পের আওতায় কোন যানবাহন ক্রয়ের সংস্থান সংশোধিত ডিপিপিতে ছিল না।

১৩। পরিদর্শন: আইএমইডি'র মহাপরিচালক ড. মো: মশিউর রহমান (পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২) এবং সহকারী পরিচালক জনাব মোহাম্মদ আশরাফুজ্জামান ভূঁইয়া কর্তৃক গত ৮/১০/২০১৭ তারিখে প্রকল্প এলাকা সৈয়দপুর রেলওয়ে কারখানা পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় বর্তমান ও সাবেক প্রকল্প পরিচালক, সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কশপের বিভাগীয় তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা প্রদান করেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরূপ:

১৩.১ পূর্ত কাজ: অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কসপে বিদ্যমান ২৯টি সাব-সপের মধ্যে জরাজীর্ণ ১৭টি সপের ছাদ, মেঝে, ডেন, পয়:প্রণালী ও ওয়াল প্রয়োজনীয়তার ভিত্তিতে মেরামত/পুনর্বাসন, ১টি ওভারহেড পানির ট্যাংক নির্মাণ, ১টি ডিপ টিউবওয়েল স্থাপন ও সপগুলোর ভিতর ও বাহিরে মোট ২৫ কি:মি: রেলওয়ে ট্র্যাক ক্যাজুয়াল পুনর্বাসনের লক্ষ্যে ৪৯০৭.৬১ লক্ষ টাকার সংস্থান ছিল। প্রেরিত পিসিআরে ১৭টি জরাজীর্ণ সপ মেরামত/পুনর্বাসন, ১টি ওভারহেড পানির ট্যাংক নির্মাণ, ১টি ডিপ টিউবওয়েল স্থাপন ও ২২.৬৬ কি:মি: অভ্যন্তরীণ রেলওয়ে ট্র্যাক পুনর্বাসনপূর্বক ৪৮৮৯.৯৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে উল্লেখ আছে। পরিদর্শনকালে ১৭টি সপের মধ্যে ক্যারেজ সপ, পেইন্ট এন্ড জিওএইচ সপ, ওয়াগন সপ, প্রোডাকশন সপ, ক্যারেজ এন্ড ওয়াগন হইল সপ, ক্যারেজ হেভী রিপেয়ার সপ, স্মিথী সপ ও মিল রাইট সপ সরেজমিন পরিদর্শন করা হয়। এছাড়া নির্মিত ওভারহেড ওয়াটার ট্যাংক ও অভ্যন্তরীণ রেলওয়ে ট্র্যাক পুনর্বাসনের কাজও পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে Zinc Alumi-

nium Alloy Sheet, Asbestos sheet, GI Gutter Roof Truss Frame, Girder, Cross Girder, Rain water pipe, Floor, RCC, plaster, Color, Brick work প্রভৃতি দ্বারা সপগুলোর ছাদ, মেঝে, ডেন, পয়ঃপ্রণালী ও ওয়াল প্রয়োজন মোতাবেক মেরামত/পুনর্বাসন করা হয়েছে দেখা যায়। তবে অনেক ক্ষেত্রে সপের ফ্লোর অসমতল, ফ্লোরের সিমেন্ট প্লাস্টার ক্ষয়, যে সমস্ত গাটার ও চালা পরিবর্তন করা হয়নি তাদের অনেকগুলোর ছাদ চুয়ে বৃষ্টির পানি মেঝেতে জমে থাকতে দেখা গেছে। সপগুলোর ভিতর ও বাহিরে অনেক স্থানে ডেন ময়লা-আবর্জনা দ্বারা পরিপূর্ণ হয়ে থাকতে দেখা গেছে। পেইন্ট সপ ও ক্যারেজ সপের মাঝের ট্রান্সফার টেবিলের মধ্যবর্তী ডেনের পানি অপসারণ হচ্ছে না দেখা যায়। পেইন্ট এন্ড জিওএইচ সপ, ক্যারেজ হেভী রিপেয়ার সপ এবং ক্যারেজ এন্ড ওয়াগন হইল সপে প্রয়োজন থাকা সত্ত্বেও অনেক পূর্ত কাজ করা হয়নি। এ স্থানগুলোর অবস্থা বেশি শোচনীয় মনে হয়েছে। স্মিথী সপে ফ্লোর কনক্রিট ঢালাই করা হয়নি এবং অয়েল বার্নার/ফার্নেস এর উপর ছাদের উচ্চতা প্রয়োজনের তুলনায় কম মনে হয়েছে।



চিত্র-১ হতে ৪ (রুক ওয়াইজ): নির্মিত ক্যারেজ সপের ফ্লোর ও ট্রাস, ওয়াগন হইল সপের অসমাপ্ত কাজ, ওয়াগন সপের ফ্লোর অসমতল ও ছাদ চুয়ে মেঝেতে পানি, স্মিথী সপের বার্নারে কম উচ্চতা সম্পন্ন ছাদ

১৩.২ **রেলওয়ে ট্র্যাক পুনর্বাসন:** অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কসপে বিদ্যমান ৬৬.৬৪ কি:মি: অভ্যন্তরীণ রেলওয়ে ট্র্যাকের মধ্যে অতি জরাজীর্ণ ১৭টি শপের ভিতর ও বাহির এবং কারখানার ভিতরে মেইন লাইনসহ মোট ২৫ কি:মি: রেলওয়ে ট্র্যাক কমপ্লিট/ক্যাজুয়াল পুনর্বাসনের সংস্থান ছিল। প্রেরিত পিসিআরে ২২.৬৬ কি:মি: অভ্যন্তরীণ রেলওয়ে ট্র্যাক পুনর্বাসন করা হয়েছে উল্লেখ আছে। পরিদর্শনকালে ক্যারেজ সপ, পেইন্ট এন্ড জিওএইচ সপ, ওয়াগন সপ, প্রোডাকশন সপ, ক্যারেজ এন্ড ওয়াগন হইল সপ, ক্যারেজ হেভী রিপেয়ার সপ প্রভৃতি সপগুলোর ভিতর ও বাহিরে ট্র্যাক পুনর্বাসন করা হয়েছে দেখা যায়। পরিদর্শনকালে জানা যায় যে, বিদ্যমান ১১০টি পয়েন্টস এন্ড ক্রসিং এর মধ্যে অতি পুরাতন ৭ সেট ডিজি এবং ২ সেট এমজি পয়েন্টস এন্ড ক্রসিং নতুন সেট দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে। সংশোধিত ডিপিপি'র সংস্থান মোতাবেক ট্র্যাক পুনর্বাসন কাজে নতুন আইটেম হিসেবে বিজি ও ডিজি উডেন স্লীপার, ডগ স্পাইক, আনুসাংগিক ফিটিংস আইটেম প্রভৃতি এবং পুরাতন আইটেম হিসেবে ৯০ পাউন্ড 'আর' রিলিজড রেল ব্যবহার করা হয়েছে। এছাড়া ডিপিপি'র সংস্থান মোতাবেক রেল ট্র্যাকে পাথরের (Stone ballast) পরিবর্তে বালু (Sand ballast) ব্যবহার করা হয়েছে। বর্ণিত সমুদয় রেল ট্র্যাকের কাজ বাবদ মোট ব্যয় হয়েছে ৭ কোটি টাকা। তবে পরিদর্শনকালে একই ট্র্যাকে ৯০ পাউন্ড 'আর' এবং ৭৫ পাউন্ড 'আর' রেল পাশাপাশি ব্যবহার করায় রেল লাইনের এলাইনমেন্টে গরমিল দেখা যায়। ফলে দুর্ঘটনার আশংকা রয়েছে। ১টি পয়েন্টস এন্ড ক্রসিং যথাযথভাবে মিলাতে না পেরে আংশিক রেল কেটে সংযুক্ত করা হয়েছে। রেল ট্র্যাকে জরাজীর্ণ ও ক্ষয়প্রাপ্ত উডেন স্লীপার দেখা গেছে। অনেক স্থানে ট্র্যাকের উপর বালু পড়ে ও ঘাস জন্মে রেল ও স্লীপার ঢেকে যেতে দেখা গেছে। ফলে রেল ও স্লীপারের ক্ষয় ত্বরান্বিত হচ্ছে।



চিত্র-৫ ও ৬: বালু ও ঘাসে ঢেকে যাওয়া পুনর্বাসিত ট্র্যাক এবং রেল কেটে ৭৫ পা: ও ৯০ পা: রেল সংযোগ

১৩.৩ **মেকানিক্যাল প্লান্টস এন্ড মেশিনারী স্থাপন:** অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী সৈয়দপুর রেলওয়ে ওয়ার্কসেপে বিদ্যমান ৭৮৭ টি প্লান্টস ও মেশিনারীজ এর মধ্যে মেয়াদোত্তীর্ণ ও প্রায় অচল ৪৩টি মেকানিক্যাল প্লান্টস ও মেশিনারীজ প্রতিস্থাপনের জন্য ৬২৯৪.১৩ লক্ষ টাকার সংস্থান ছিল। প্রেরিত পিসিআরে ৪৩টি মেকানিক্যাল প্লান্টস ও মেশিনারীজ ক্রয় ও স্থাপন বাবদ ৬৩৫৭.৬৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে উল্লেখ আছে। তন্মধ্যে প্যাকেজ জিডি-১ এর ঠিকাদারের গাফিলতির কারণে চট্টগ্রাম বন্দরে ক্ষতিপূরণ বাবদ ১১০.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। পরবর্তীতে উক্ত ঠিকাদারের বিল হতে বর্ণিত ক্ষতিপূরণকৃত অর্থ ও ১০% জরিমানাসহ মোট ১৫৪.৪৬ লক্ষ টাকা কর্তনপূর্বক সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। প্যাকেজ-জিডি-১(মেকানিক্যাল) এর অর্ন্তভুক্ত ৪৩ আইটেমের মধ্যে ৩৯ আইটেম প্লান্টস এন্ড মেশিনারীজ গত ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখের মধ্যে সংগ্রহ ও স্থাপন করা হয়েছে। অবশিষ্ট ৪টি আইটেম গত ২৯/১০/২০১৪ তারিখে সরবরাহ নেওয়া হলেও (আইটেম-১: Fork Lift Truck, আইটেম-২: Vertical Boring Machine, আইটেম-৩: Universal Thread Rolling machine, Gas Milling Slot machine, Combination Lathe machine and Capstan Lathe machine ও আইটেম-৪: Centre lathe machine, Combination Lathe machine and Capstan Lathe machine) স্থাপন করা হয়েছে ০৫/০৪/২০১৭ তারিখে। ঠিকাদার কর্তৃক বর্ণিত ৪টি মেকানিক্যাল আইটেম স্থাপনে বিলম্ব হওয়ার কারণেই মূলত: প্রকল্পের পিসিআর প্রেরণে বিলম্ব হয়েছে। পরিদর্শনকালে অধিকাংশ মেকানিক্যাল প্লান্টস ও মেশিনারীজ কার্যকর দেখা গেলেও Rubber Spring Unit Test Plant ও Shock Absorber Test Plant মেশিন দুটি ব্রেক ডাউনে রয়েছে দেখা যায়। এছাড়া কর্মচারীগণ কর্তৃক নিরাপত্তা পোশাক এবং কোন প্রকার সেইফটি ও সিকিউরিটি ব্যতিত গতানুগতিক পদ্ধতিতে কাজ চলছে দেখা যায়। আলোচনান্তে জানা যায় যে, প্রকল্পের কাজ সমাপ্ত হলেও ৬০% জনবল ঘাটতির কারণে আশানুরূপভাবে কারখানার উৎপাদন ও দক্ষতা বৃদ্ধি পায়নি। তবে পূর্বের তুলনায় কারখানার দক্ষতা বেড়েছে।



চিত্র-৭ ও ৮: স্থাপিত মেকানিক্যাল প্লান্টস এন্ড ইকুইপমেন্ট

১৩.৪ **ইলেকট্রিক্যাল প্লান্টস, মেশিনারী এন্ড ওয়ার্কস:** অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী মেয়াদোত্তীর্ণ ও প্রায় অচল ১৩টি ইলেকট্রিক্যাল প্লান্টস ও মেশিনারীজ প্রতিস্থাপনের জন্য প্যাকেজ ডব্লিউডি-১ (ইলেকট্রিক্যাল) এর অধীন ৩১৫.০০ লক্ষ টাকা এবং বর্ণিত আইটেমসমূহ স্থাপনের জন্য প্যাকেজ ডব্লিউডি-১ (ইলেকট্রিক্যাল) এর অধীন ১১৫৬.৬০ লক্ষ টাকার সংস্থান ছিল। প্রেরিত পিসিআরে বর্ণিত ১৩টি মেকানিক্যাল প্লান্টস ও মেশিনারীজ ৩টি লটে ক্রয় ও সংগ্রহ বাবদ ৩১৩.৭০ লক্ষ টাকা এবং স্থাপন বাবদ ১১৫৬.৫৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে উল্লেখ আছে।

পরিদর্শনকালে মেশিনগুলো কার্যকর ও সচল দেখা যায় এবং মেশিনগুলোতে উল্লেখযোগ্য কোন ডিফেক্ট পাওয়া যায়নি।

১৪।

**প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
বাংলাদেশ রেলওয়ের বিজি ও এমজি কোচ এবং ওয়াগনের ক্রমবর্ধমান রিপেয়ার ও মেইনটেনেন্স চাহিদা পূরণের লক্ষ্যে ১৭টি সপ মেরামত/পুনর্বাসন, ৪৩টি মেকানিক্যাল ও ১৩টি ইলেকট্রিক্যাল প্লান্টস এন্ড মেশিনারিজ প্রতিস্থাপন এবং ১টি ওভারহেড পানির ট্যাংক নির্মাণপূর্বক কারখানার দক্ষতা ও উৎপাদন ক্ষমতা এবং গুন গতমান বৃদ্ধি করা।	প্রকল্পের আওতায় ১৭টি সপ মেরামত /পুনর্বাসন, ৪৩টি মেকানিক্যাল ও ১৩টি ইলেকট্রিক্যাল প্লান্টস এন্ড মেশিনারিজ প্রতিস্থাপন এবং ১টি ওভারহেড পানির ট্যাংক নির্মাণ করায় কারখানার দক্ষতা ও উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ফলে আপাত দৃষ্টিতে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে। তবে জনবল সংকট, সপের ফ্লোর অসমতল, যে সমস্ত গাটার ও চালা পরিবর্তন করা হয়নি তাদের অনেকগুলোর ছাদ চুয়ে মেঝেতে বৃষ্টির পানি পড়া, ডেন অপরিষ্কার, কয়েকটি মেশিন অচল, ন্যূনতম সেইফটি ও সিকিউরিটি ব্যতিত গতানুগতিক পদ্ধতিতে অধিকাংশ কাজ করায় কারখানার দক্ষতা বৃদ্ধি পেলেও সার্বিকভাবে উৎপাদন ক্ষমতা এবং গুনগত মান বৃদ্ধি পায়নি।

১৫।

**উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারণ:** প্রকল্পের উদ্দেশ্য আপাত দৃষ্টিতে অর্জিত হয়েছে। তবে জনবল সংকট, সপের ফ্লোর অসমতল, যে সমস্ত গাটার ও চালা পরিবর্তন করা হয়নি তাদের অনেকগুলোর ছাদ চুয়ে মেঝেতে বৃষ্টির পানি পড়া, ডেন অপরিষ্কার, কয়েকটি মেশিন অচল, এবং ন্যূনতম সেইফটি ও সিকিউরিটি ব্যতিত গতানুগতিক পদ্ধতিতে কাজ করায় কারখানার দক্ষতা বৃদ্ধি পেলেও সার্বিকভাবে উৎপাদন ক্ষমতা এবং গুনগত মান বৃদ্ধি পায়নি।

১৬।

**বৈদেশিক প্রশিক্ষণ:** প্রকল্পের আওতায় কোন বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান না থাকলেও সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ খরচে ১৪ জন কর্মকর্তাকে বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৭।

**অডিট সংক্রান্ত:** রেলওয়ের অভ্যন্তরীণ অডিট বিভাগ কর্তৃক কোন অডিট হয়নি। এছাড়া FAPAD কর্তৃক অডিট হলেও অডিট আপত্তির সংখ্যা এবং আপত্তি নিষ্পত্তি হয়েছে কি না এ বিষয়ে পিসিআরে কোন তথ্য প্রদান করা হয়নি।

১৮।

**মতামত/সুপারিশ:**

১৮.১ প্রকল্পটি বাস্তবায়নে মূল অনুমোদিত প্রকল্প হতে ২৫.৩৫ % ব্যয় এবং ১৪৬% সময় বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে অনুমোদিত সময় ও ব্যয়ের মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়কে সচেষ্টিত হতে হবে (অনু: ৫ ও ১০);

১৮.২ প্রকল্পটি বাস্তবায়নকালে ২(দুই) জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে সরকারী নির্দেশাবলী পালনের ক্ষেত্রে মন্ত্রণালয়কে আরো যত্নবান হতে হবে (অনু:১১);

১৮.৩ অনুমোদিত সংশোধিত ডিপিপি'র সংস্থানের তুলনায় Pay of Officers, Allowances এবং Acquisition of Mechanical plants and machinery অংশে যথাক্রমে ৩.১৩ লক্ষ টাকা, ৪.৮৯ লক্ষ টাকা ও ৬৩.৫৫ লক্ষ টাকা অধিক ব্যয় করা হয়েছে যা সমীচীন হয়নি। ভবিষ্যতে এ বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে (অনু: ৭);

১৮.৪ যে সমস্ত সপের ফ্লোর অসমতল, ফ্লোরের সিমেন্ট প্লাস্টার উঠে গেছে, ছাদ চুয়ে বৃষ্টির পানি পড়ে, সপের মেঝেতে পানি জমে থাকে ও ডেন ময়লা-আবর্জনা পরিপূর্ণ তা চিহ্নিতপূর্বক দ্রুত সংশোধন/মেরামত/অপসারণ করতে হবে (অনু: ১৩.১);

- ১৮.৫ কারখানার পূর্ণ ব্যবহারের লক্ষ্যে যে সমস্ত সপে প্রয়োজন থাকা সত্ত্বেও অনেক পূর্ত কাজ করা হয়নি সেগুলো চিহ্নিতপূর্বক রেলওয়ের রাজস্ব বাজেট দ্বারা মেরামত/পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে (অনু: ১৩.১);
- ১৮.৬ স্মিথী সপসহ যে সমস্ত সপের ফ্লোর কনক্রিট ঢালাই করা হয়নি সেগুলো মেরামত/সংশোধন করতে হবে। এছাড়া অয়েল বার্নার/ফার্নেস এর উপর ছাদের উচ্চতা যথাযথ আছে কি না মন্ত্রণালয় যাচাই করবে (অনু: ১৩.১);
- ১৮.৭ রেল ট্র্যাকে পাথরের (Stone ballast) পরিবর্তে বালু (Sand ballast) ব্যবহার, ৯০ পাউন্ড ‘আর’ ও ৭৫ পাউন্ড ‘আর’ রেল পাশাপাশি ব্যবহার এবং পয়েন্টস এন্ড ক্রসিং যথাযথভাবে মিলাতে না পেরে আংশিক রেল কেটে সংযুক্ত করায় দুর্ঘটনার আশংকা রয়েছে কি না মন্ত্রণালয় যাচাই করে যথাযথ উদ্যোগ গ্রহণ করবে। প্রয়োজনে প্রকল্পের ট্রুটি-বিদ্যুতির জন্য দায়-দায়িত্ব নির্ধারণ করবে (অনু: ১৩.২);
- ১৮.৮ রেল ট্র্যাকের জরাজীর্ণ ও ক্ষয়প্রাপ্ত উডেন স্লীপার চিহ্নিতপূর্বক অপসারণ করতে হবে। এছাড়া ট্র্যাকের উপর জমা বালু ও ঘাস অপসারণ করে ট্র্যাক পরিষ্কার করতে হবে (অনু: ১৩.২);
- ১৮.৯ Rubber Spring Unit Test Plant ও Shock Absorber Test Plant মেশিন দুটি দ্রুত সচল করে কার্যকরভাবে ব্যবহার করতে হবে (অনু: ১৩.৩);
- ১৮.১০ ওয়ার্কসপে কর্মরত কর্মচারীদের নিরাপত্তা পোশাক পরিধান এবং সেইফটি ও সিকিউরিটির বিষয়টি নিশ্চিত করতে হবে (অনু: ১৩.৩);
- ১৮.১১ FAPAD কর্তৃক কোন অডিট আপত্তি প্রদান করা হলে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে (অনু: ১৭); এবং
- ১৮.১২ অনুচ্ছেদ ১৮.১ হতে ১৮.১১ এর বিষয়ে গৃহীত ব্যবস্থা আগামী ১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।